

মিনেসোটায় বিমান বিধ্বস্ত, আরোহী সব নিহত

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের মিনেসোটা স্টেটে ব্রুকলিন পার্কে একটি ছোট প্লেন একটি বাড়ির ওপর বিধ্বস্ত হয়। দুর্ঘটনায় প্লেনের সব আরোহী নিহত হয়েছেন *৫-এর পৃষ্ঠায় দেখুন*

লং আইল্যান্ডে বাড়িতে অগ্নিকাণ্ডে নিহত ১

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কের লং আইল্যান্ডের মেডফোর্ডে একটি বাড়িতে আগুন লেগে এক ব্যক্তি মারা যাওয়ার খবর পাওয়া গেছে। সাফোক কাউন্টি পুলিশ জানিয়েছে আনুমানিক সকাল ৭টা ১৫ মিনিটের দিকে ক্লিফোর্ড লেনের কাছে ডোরল্যান্ড রোডে বাড়িটিতে আগুন লাগে। পরে সাফোক কাউন্টির গোয়েন্দা প্রধান বিল ডোহার্টি ঘটনাস্থলে সাংবাদিকদের বলেন, 'অগ্নিনির্বাপণ অভিযানের সময়, বাড়িটির ভেতরে একটি মৃতদেহের পাশাপাশি অসংখ্য মৃত বিড়ালও পাওয়া গেছে। তবে পুলিশ নিহত ব্যক্তির নাম বা তার মৃত্যুর কারণ প্রকাশ করেনি। ঘটনাটির তদন্ত চলছে।

পথচলায় ২৯ বছর

The Weekly **বাংলা পত্রিকা** Bangla Patrika

www.banglapatrikausa.com ■ Vol. 29 ॥ Issue 26 / March 31, 2025, USA. Free in NY, Other State $1

বর্ষ ২৯ ॥ সংখ্যা ২৬ ॥ সোমবার, চৈত্র ১৭, ১৪৩১ ॥ শাওয়াল ১, ১৪৪৬

জেএমসি'র উদ্যোগে সর্ববৃহৎ ঈদের জামাত: মোনাজাতে বিশ্ব শান্তি কামনা

নিউইয়র্কে বিপুল উৎসাহে ঈদুল ফিতর উদযাপিত



বাংলা পত্রিকা রিপোর্ট: দীর্ঘ একমাস সিয়াম সাধনার পর ধর্মীয় ভাবগম্ভীর পরিবেশে রোববার (৩০ মার্চ) নিউইয়র্ক সহ উত্তর আমেরিকায় পবিত্র ঈদুল ফিতর উদযাপিত হয়েছে। সৌদী আরবের ঘোষণার পর যুক্তরাষ্ট্রসহ বিশ্বের বিভিন্ন দেশে ঈদুল ফিতর উদযাপনের সিদ্ধান্ত হয়। তবে শাওয়াল মাসের চাঁদ দেখা না দেখা-কে কেন্দ্র করে নিউইয়র্কের কোন কোন স্থানে সোমবার (৩১ মার্চ) ঈদুল ফিতর উদযাপিত হবে। ঈদ উপলক্ষ্যে উত্তর আমেরিকার মুসলিম কমিউনিটিতে উৎসবের আমেজ বিরাজ করছে। ঈদ উদযাপনের মূল অনুষ্ঠান ঈদের জামাতে ছিলো সর্বস্তরের নর-নারীর অংশগ্রহন। মেঘলা আবহাওয়া আর ঠান্ডার মধ্যে ধর্মপ্রাণ হাজার হাজার মুসলিম সপরিবারে বিভিন্ন *৮-এর পৃষ্ঠায় দেখুন*

যুক্তরাষ্ট্রে ৩ শতাধিক বিদেশি শিক্ষার্থীর ভিসা বাতিল!

বাংলা পত্রিকা ডেস্ক: ফিলিস্তিনিপন্থী **বাংলা পত্রিকা ডেস্ক:** ফিলিস্তিনিপন্থী অভিযোগে যুক্তরাষ্ট্রের বিভিন্ন বিশ্ববিদ্যালেয়ের প্রায় ৩ শতাধিক বিদেশি শিক্ষার্থীর ভিসা বাতিল করা হয়েছে। এসব শিক্ষার্থীদের মধ্যে অনেক পিএইচডিরত অনেক শিক্ষার্থী রয়েছেন। এসব শিক্ষার্থীরা যুক্তরাষ্ট্রের বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে 'গাজায় যুদ্ধবিরোধী' বিক্ষোভ-প্রতিবাদে অংশ নিয়েছিলেন ও ফিলিস্তিনের গাজায় ইসরায়েলী হামলার প্রতিবাদ জানিয়ে প্রবন্ধ ও সামাজিক যোগাযোগ মাধ্যমে মতামত প্রকাশ করেছিলেন। এদিকে যারা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিক্ষোভে অংশ নিয়েছেন বা সামাজিক যোগাযোগমাধ্যমে রাষ্ট্রবিরোধী পোস্ট শেয়ার বা তাতে লাইক দিয়েছেন তাদের ভিসা বাতিল করা হচ্ছে। এসব শিক্ষার্থীদের দেশ ছাড়ার নির্দেশ দেওয়া হয়েছে।

বাতিল হতে পারে 'গাজায় যুদ্ধবিরোধী' বিক্ষোভের পোস্ট শেয়ার ও লাইক দেয়া শিক্ষার্থীদের ভিসা

যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তর থেকে পাঠানো ই-মেইলে জানানো হয়েছে, তাঁদের স্টুডেন্ট ভিসা (এফ-১) বাতিল করা হয়েছে। মূল কারণ হিসেবে বলা হচ্ছে, তাঁরা ক্যাম্পাসে বিক্ষোভে অংশ *৫-এর পৃষ্ঠায় দেখুন*



৩য় বার প্রেসিডেন্ট হওয়ার পথ খুঁজছেন ট্রাম্প!

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রে একজন ব্যক্তি দুই মেয়াদের বেশি আমেরিকার প্রেসিডেন্ট হতে পারবেন না। এমনটাই নির্ধারিত আছে যুক্তরাষ্ট্রের *৫-এর পৃষ্ঠায় দেখুন*

যুক্তরাষ্ট্রে রিফিউজি ও রাজনৈতিক আশ্রয়প্রার্থীদের

গ্রিন কার্ড প্রক্রিয়ায় স্থগিতাদেশ; দুশ্চিন্তায় বাংলাদেশিসহ অভিবাসন প্রত্যাশীরা



বাংলা পত্রিক রিপোর্ট: যুক্তরাষ্ট্রে ট্রাম্প প্রশাসনের অভিবাসন বিরোধী একের পর এক নীতির আদেশে জটিলতা ও অনিশ্চয়তা বাড়ছে অভিবাসন প্রত্যাশীদের। যুক্তরাষ্ট্রে রিফিউজি ও রাজনৈতিক আশ্রয় প্রার্থী অভিবাসন প্রত্যাশীরা দীর্ঘ অপেক্ষার পর ইমিগ্রেশন বিচার প্রক্রিয়ায় অনুমোদন পেয়ে অনেকেই গ্রীন কার্ড আবেদন প্রক্রিয়া শুরু করেছিলেন আবার অনেকে এ প্রক্রিয়া শুরুর প্রস্তুতি নিচ্ছিলেন। কিন্তু সম্প্রতি ট্রাম্প প্রশাসন গ্রীন কার্ড আবেদন প্রক্রিয়া স্থগিত করায় দুশ্চিন্তা ও বিপাকে পড়েছেন রাজনৈতিক আশ্রয় অনুমোদন পাওয়া অভিবাসন প্রত্যাশীরা। এর মধ্যে কয়েক হাজার বাংলাদেশিও রয়েছেন যারা এদেশে রাজনৈতিক আশ্রয় প্রার্থনা করেছিলেন।

জানা গেছে, গত কয়েক বছরে বিশেষ করে বাইডেন প্রশাসনের সময় যুক্তরাষ্ট্রে রাজনৈতিক আশ্রয় ও রিফিউজি (শরণার্থী) হিসেবে অভিবাসন প্রক্রিয়ায় ইমিগ্রেশন বিভাগ ও কোর্টের মাধ্যমে এপ্রুভাল বা এসাইলাম কেইস অনুমোদন পেয়েছিলেন তাঁদের *৭-এর পৃষ্ঠায় দেখুন*

যুক্তরাষ্ট্রে নাগরিকত্বের প্রমাণ দিতে হবে ভোটারদের

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের যেকোনো ভোটারকে অবশ্যই দেশটির নাগরিকত্বের প্রমাণ দিতে হবে। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প গত মঙ্গলবার এমন একটি নির্বাহী আদেশে সই করেছেন। এ ছাড়া নির্বাচনের পরদিন ডাকযোগে প্রাপ্ত ব্যালট গণনার ক্ষেত্রে রাজ্যগুলোয় বাধা দেওয়ার চেষ্টা করেছেন। বলা হয়েছে, এ আদেশ যেসব রাজ্য মেনে চলবে না, তাদের কাছ থেকে ফেডারেল তহবিল প্রত্যাহার করারও চেষ্টা করা হবে। *৫-এর পৃষ্ঠায় দেখুন*

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

বাংলাদেশিসহ লাখো বিদেশির স্বপ্ন ধূলিসাতের উপক্রম

বাংলা পত্রিকা ডেস্ক: জাতীয় নিরাপত্তা সুরক্ষিত করার অভিপ্রায়ে প্রেসিডেন্ট ট্রাম্পের দুটি নির্বাহী আদেশের মাধ্যমে রাজনৈতিক আশ্রয়প্রার্থী এবং রিফিউজি হিসেবে গ্রিনকার্ড আবেদনের প্রক্রিয়া ঝুলে গেছে অনির্দিষ্টকালের জন্য। এর ফলে কয়েক হাজার বাংলাদেশিসহ ১০ লাখের বেশি বিদেশির নিরাপদে যুক্তরাষ্ট্রে বসবাসের স্বপ্ন ধূলিসাৎ হতে চলেছে। কারণ এমন আদেশ রদ না হলে চলমান অবৈধ অভিবাসী তাড়ানোর অভিযান থেকে এসব আবেদনকারী রেহাই পাবেন না বলে অভিজ্ঞজনেরা মন্তব্য করেছেন।

অভিবাসন দপ্তরের অভিভাবক হোমল্যান্ড সিকিউরিটি মন্ত্রণালয়ের মুখপাত্র গণমাধ্যমে বলেছেন, প্রেসিডেন্ট ট্রাম্প এবং তাঁর প্রশাসন যুক্তরাষ্ট্রের নিরাপত্তাকে প্রাধান্য দিচ্ছেন। *৮-এর পৃষ্ঠায় দেখুন*

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
► প্রাইভেট অকশনের বাড়ি
► পাবলিক অকশনের বাড়ি
► ব্যাংক মালিকানা বাড়ি
► শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না?
তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
■ TAX Liens Charge Offs ■ Inquiries ■ Collections
■ Garnishment ■ Bankruptcy ■ Late Payments
call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

TIME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল
$৫৪৯+
917-396-4140, 917-592-7828



MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

ঈদের জামাত










নিউইয়র্কের এস্টোরিয়ার ৩৬ স্ট্রীটে আল আমিন মসজিদের উদ্যোগে ঈদের জামাত অনুষ্ঠিত হয়।



ঈদের জামাত





মোহাম্মাদী সেন্টারের ও নিউইয়র্ক ঈদগাহ'র উদ্যোগে ঈদের ৫টি জামাত অনুষ্ঠিত

নিউইয়র্ক: মোহাম্মাদী সেন্টারের উদ্যোগে এবং নিউইয়র্ক ঈদগাহ'র আয়োজন নিউইয়র্কের 'মিনি বাংলাদেশ' বলে পরিচিত জ্যাকসন হাইটসের ডাইভার্সিটি প্লাজায় ঈদের ৫টি জামাত অনুষ্ঠিত হয়েছে। সকাল ৭টা থেকে শুরু হওয়া প্রতি ঘন্টা আন্তর অন্তর একটি করে বেলা ১১টা পর্যন্ত হওয়া শেষ জামাতে পুরুষ-মহিলা ও নতুন প্রজন্ম সম্মিলিত ৫টি জামাতেই মুসল্লির সংখ্যা ছিল সন্তোষজনক। তবে ঠান্ডা আবহাওয়ার কারনে প্রথম দুই জামাতে মুসল্লীর সংখ্যা অপ্রতুল থাকলেও শেষ জামাতগুলো ছিল ভরপুর।

উল্লেখ্য, ২০১১ সনের ঈদুল ফিতর উদযাপনের মাধ্যমে, তারই ধারাবাহিকতায় এবারেও ঈদুল ফিতরের পাঁচটি জামাত অনুষ্ঠিত হয়।

এবারের ঈদের জামাতের পাঁচজন ইমামের দু'জনই ছিলেন নতুন প্রজন্মের ইমাম যথাক্রমে হাফেজ কারী মুসতানজিদ বিল্লাহ রাব্বানী ও হাফেজ মুসতাঈন বিল্লাহ রাব্বানী। আরো যে তিনজন ইমাম ছিলেন তারা হলেন শাইখ কারী আবু খায়ের, শায়েখ মাওলানা হাফেজ আতীকুল্লাহ বদরপুরী ও শায়খ হাফেজ কারি আলম কাবাবিশী। সার্বিক পরিচালনায় ছিলেন মোহাম্মদী সেন্টার ও নিউইয়র্ক ঈদগাহ'র প্রতিষ্ঠাতা ইমাম কাজী কায়্যুম। সহযোগিতার ছিলো স্থানীয় ব্যবসা প্রতিষ্ঠান, জেবিবিএ, ইন্ডিয়ান মার্চেন্ট এসোসিয়েশন ও এনওয়াইপিডি-১১৫ প্রিসিংট। সহযোগিতার জন্য ইমাম কাজী কাইয়ুম সংশ্লিস্টদের ধন্যবাদ জানান।

উল্লেখ্য, মোহাম্মদী সেন্টারের অনেকগুলো প্রকল্পের মধ্যে একটি হলো নিউইয়র্ক ঈদগাহ। -প্রেস বিজ্ঞপ্তি।



ঈদের জামাত







নিউজার্সী প্যাটারসন মসজিদ আল-ফেরদৌসের আয়োজনে স্থানীয় পাবলিক স্কুল ৫এর পার্কিং লটে ঈদ জামাত অনুষ্ঠিত হয়।

একসিডেন্ট ও ইনজুরি কেইসেস

অভিজ্ঞ আমেরিকান ট্রায়াল আইনজীবি দ্বারা পরিচালিত

আইনী প্রতিষ্ঠান

LAW OFFICES OF SURDEZ & PEREZ, P.C.





SURDEZ & PEREZ, P.C.


We Specialize in Personal Injury and Negligence Cases

Call us:

718-482-7766, 917-562-1368

প্রয়োজনে আমরাই পৌঁছে যাব আপনার কাছে

পরামর্শের জন্য ফি লাগে না



Free Consultation



কেবলমাত্র কেইসে সাফল্য লাভের পরই আমরা ফি গ্রহণ করে থাকি

আমাদের কার্যক্রম ও পরামর্শের ক্ষেত্রসমূহ:

- গাড়ী দূর্ঘটনা
- বাস, ট্রেন অথবা মোটর সাইকেল
- ব্রেইন ইনজুরি
- এলিভেটর একসিডেন্ট
- স্কুল লায়াবিলিটি
- খেলার মাঠে দুর্ঘটনা
- বার্ণ ইনজুরি
- নির্মাণ কাজে দুর্ঘটনা
- পিছলে পড়ে গেলে
- লেড পয়জনিং
- কুকুর কামড়ালে
- ডাক্তারের ভুল চিকিৎসা

আমাদের বৈশিষ্ট্যসমূহ:

অভিজ্ঞতা সম্পন্ন ট্রায়াল এটর্ণী দ্বারা পরিচালিত একটি আইনী প্রতিষ্ঠান। সততা ও নিষ্ঠা। ক্লায়েন্টের পক্ষে রায়ের জন্য দক্ষতার সাথে সর্বাত্মক চেষ্টা। দ্রুত কেস সেটেলমেন্টের নিশ্চয়তা

যে কোন পরামর্শের জন্য যোগাযোগ করুন



Mohammed Ali

718-482-7766

917-562-1368

alimd@surdezlaw.com

alimd1040@yahoo.com

32-72 Steinway Street, Suite# 401

Astoria, NY 11103

www.surdezperezlaw.com

The Weekly Bangla Patrika

Editor: **Abu Taher**
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

দুর্নীতি প্রতিরোধে নির্দেশনার বাস্তবায়ন জরুরি

সরকারি কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে দুর্নীতির বিরুদ্ধে এবার শক্ত হাতে ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের পক্ষ থেকে সব সচিব, বিভাগীয় প্রধান, মহাপরিচালক, নির্বাহী পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক, চেয়ারম্যান, বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকদের কাছে এই নির্দেশনা পাঠানো হয়েছে।

এই উদ্যোগ নিঃসন্দেহে প্রশংসার দাবিদার। তবে শুধু নির্দেশনা দেওয়াই যথেষ্ট নয়, এর সঠিক বাস্তবায়নও জরুরি।

দুর্নীতি একটি দেশের উন্নয়নের পথে সবচেয়ে বড় বাধা। এটি শুধু অর্থনৈতিক ক্ষতি করে না, সমাজের নৈতিক ভিত্তিকেও দুর্বল করে দেয়।

সরকারি দপ্তর-সংস্থাগুলোতে দুর্নীতির সংস্কৃতি যেন একটি ক্যান্সারের মতো ছড়িয়ে পড়েছে। কিছু অসাধু কর্মকর্তা-কর্মচারী তাদের স্বার্থ চরিতার্থ করতে জনগণের সম্পদ লুটপাট করে চলেছে। তাদের এই অপকর্মের ফলে সাধারণ মানুষের জীবনযাত্রা দুর্বিষহ হয়ে উঠেছে। সরকারি সেবা পাওয়ার জন্য মানুষকে ঘুষ দিতে হয়, অনিয়মের শিকার হতে হয়।

এই অবস্থার অবসান ঘটানো এখন সময়ের দাবি।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের এই নির্দেশনা একটি ইতিবাচক পদক্ষেপ। তবে শুধু নির্দেশনা দেওয়াই যথেষ্ট নয়, এর সঠিক বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। দুর্নীতিবাজ কর্মকর্তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার পাশাপাশি তাদের দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করতে হবে। শুধু তাই নয়, দুর্নীতি প্রতিরোধে দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণ করতে হবে।

সরকারি দপ্তর-সংস্থাগুলোতে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে নৈতিকতা ও সততার চর্চা বাড়াতে হবে। দুর্নীতির বিরুদ্ধে জনসচেতনতা তৈরি করতে হবে। সাধারণ মানুষ যেন দুর্নীতির বিরুদ্ধে সরব হতে পারে, সেই পরিবেশ তৈরি করতে হবে।

এই উদ্যোগের সাফল্য নির্ভর করবে এর বাস্তবায়নের ওপর। যদি নির্দেশনা কাগজে-কলমেই সীমাবদ্ধ থাকে, তাহলে এর কোনো মূল্য থাকবে না। দুর্নীতিবাজ কর্মকর্তারা যেন কোনোভাবেই পার পেয়ে না যায়, সেদিকে কঠোর নজরদারি রাখতে হবে। দুর্নীতির অভিযোগ প্রমাণিত হলে তাদের বিরুদ্ধে দ্রুত ও কঠোর ব্যবস্থা নিতে হবে। শুধু বরখাস্ত করাই যথেষ্ট নয়, তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থাও নিতে হবে। দুর্নীতির মাধ্যমে অর্জিত সম্পদ বাজেয়াপ্ত করতে হবে। এ ধরনের ব্যবস্থা নিলেই কেবল দুর্নীতির বিরুদ্ধে শক্ত বার্তা যাবে।

দুর্নীতি প্রতিরোধে সরকারের এই পদক্ষেপকে স্বাগত জানাই। তবে শুধু সরকারের একার পক্ষে এই লড়াই জয় করা সম্ভব নয়। এই লড়াইয়ে সমাজের সব স্তরের মানুষকে এগিয়ে আসতে হবে। দুর্নীতিবাজ কর্মকর্তাদের বিরুদ্ধে সরব হতে হবে, তাদের অপকর্মের বিরুদ্ধে প্রতিবাদ জানাতে হবে। শুধু সরকারি নির্দেশনার অপেক্ষায় না থেকে আমাদেরও সক্রিয় ভূমিকা রাখতে হবে।

সরকারের এই উদ্যোগ যদি সঠিকভাবে বাস্তবায়িত হয়, তাহলে দেশে দুর্নীতির মাত্রা কমবে, সরকারি সেবার মান বাড়বে, সাধারণ মানুষের জীবনযাত্রার মান উন্নত হবে।



নির্বাচনের পথে: জনগণের ম্যান্ডেট ও কল্যাণ রাষ্ট্রের অভিমুখ

ড. রাশেদ আল মাহমুদ তিতুমীর



বাংলাদেশ আজ এক ঐতিহাসিক সন্ধিক্ষণে। ২০২৪-এর গণ-অভ্যুত্থান একটি অলিগার্কিক শাসনের পতন ঘটিয়েছে। সেই সঙ্গে দেশের গভীর কাঠামোগত সংকটগুলোকেও উন্মোচিত করেছে। ছয়টি বিষয়ে গঠিত সংস্কার কমিশনের সুপারিশে ঐকমত্য প্রতিষ্ঠার লক্ষ্যে বিভিন্ন রাজনৈতিক দল ইতিমধ্যে মতামত জমা দিয়েছে। রাজনৈতিক সংলাপ বা সংস্কারপ্রক্রিয়ায় বিভিন্ন দল ও অংশীজনদের মধ্যে একমত এবং ভিন্নমত থাকাটাই স্বাভাবিক। এই ভিন্নমতগুলোকে সঠিকভাবে মোকাবিলা করেই একটি সর্বসম্মত ন্যূনতম সংস্কার কর্মসূচি প্রণয়ন করা সম্ভব।

অলিগার্কিক শাসনব্যবস্থা দেশের রাজনৈতিক, অর্থনৈতিক ও প্রাতিষ্ঠানিক কাঠামোকে ধ্বংস করেছে। এই সংকট থেকে উত্তরণের একমাত্র পথ হলো জনগণের ম্যান্ডেট। জনগণই দেশের ভবিষ্যৎ নির্ধারণের মূল সিদ্ধান্ত গ্রহণকারী। তাদের আস্থা ও সমর্থন ছাড়া কোনো সংস্কারই টেকসই হবে না।

জনগণের ম্যান্ডেটের ভিত্তিতে সরকার গঠনের প্রয়োজনীয়তা শুধু রাজনৈতিক নয়, অর্থনৈতিকভাবেও অপরিহার্য। নির্বাচিত সরকারের পক্ষেই রাজনৈতিক স্থিতিশীলতা, সামাজিক সংহতি এবং অর্থনৈতিক পুনরুদ্ধার অর্জন সম্ভব। একটি বৈধ ও জনসমর্থিত নির্বাচিত সরকার ছাড়া কোনো দেশই স্থবিরতা, প্রাতিষ্ঠানিক অবক্ষয় এবং ক্রমবর্ধমান জন-অসন্তোষের ঝুঁকি থেকে মুক্ত হতে পারে না।

জনগণের ম্যান্ডেট নেওয়ার আগে একটি সর্বসম্মত সংস্কার এজেন্ডা প্রণয়নও জরুরি। এর জন্য বিভিন্ন পক্ষের সমঝোতা দরকার। সমঝোতা মানে হলো মতপার্থক্য বা বিরোধ মেটানোর জন্য বিভিন্ন পক্ষের মধ্যে বোঝাপড়া। এখানেই 'ছাড়' ও 'সমাধান'-এর জন্য মাথা ও মনের সংমিশ্রণ দরকার। রুটিন কাজের বাইরে বর্তমান প্রশাসনের প্রধান কাজ সঠিক সংসদ নির্বাচন অনুষ্ঠান। রাজনৈতিক দলগুলোকে নির্বাচনের ফলাফল মেনে নেওয়ার জন্য একটি বাধ্যতামূলক অঙ্গীকারনামায় স্বাক্ষর। এতে নির্বাচনপরবর্তী সময়ে সহিংসতা ও অস্থিতিশীলতা রোধ সম্ভব।

নির্বাচনের আগে মোটাদাগে ন্যূনতম সংস্কার কর্মসূচির সমঝোতা লাগবে। প্রথমত, ভোটার তালিকার স্বচ্ছতা, বায়োমেট্রিক ভোটার যাচাইকরণ এবং ভোটারদের নিরাপত্তা নিশ্চিতি দরকার। নির্বাচন কমিশনকে স্বাধীন ও রাজনৈতিক প্রভাবমুক্ত করতে একটি স্বচ্ছ ও বহুদলীয় প্রক্রিয়া অনুসরণ করা জরুরি।

দ্বিতীয়ত, প্রতিনিধিত্বশীল গণতান্ত্রিক শাসনকাঠামো গড়ে তুলতে নারীর প্রতিনিধিত্ব বাড়ানোসহ দ্বিকক্ষবিশিষ্ট সংসদ গঠন এবং স্থানীয় সরকারকে শক্তিশালী করে বিকেন্দ্রীকরণ প্রয়োজন।

তৃতীয়ত, একটি কল্যাণরাষ্ট্র গঠনের লক্ষ্যে শিক্ষা, স্বাস্থ্য ও সামাজিক নিরাপত্তা খাতে বিনিয়োগ বাড়ানো বেশি দরকার। পাশাপাশি জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণও প্রয়োজন। চতুর্থত, সংস্কারের মাধ্যমে বিচার বিভাগ, দুর্নীতি দমন কমিশন এবং পুলিশ প্রশাসনকে রাজনৈতিক প্রভাবমুক্ত করে স্বাধীন ও জবাবদিহিমূলক করতে হবে। প্রতিষ্ঠানগুলোর স্বচ্ছতা ও দক্ষতা বাড়াতে প্রযুক্তির ব্যবহার অভীষ্ট ফলাফল দিতে পারে। ডিজিটাল নিরাপত্তা নিশ্চিত করতে তথ্য সুরক্ষা আইন প্রণয়ন এবং সাইবার নিরাপত্তা জোরদার করা প্রয়োজন।

এ ছাড়া রাজনৈতিক দলের জনগণের বাছবিচারে নির্বাচনী মেনিফেস্টোতে যেসব জনগুরুত্বপূর্ণ বিষয় থাকতে পারে, সেগুলো নিয়ে কিছু আলোকপাত করা যাক।

কল্যাণরাষ্ট্রের গোড়াপত্তন

কল্যাণরাষ্ট্রের গোড়াপত্তনই ২০২৪-এর গণ-অভ্যুত্থানের মর্ম ধারণ করতে পারে। একটি কল্যাণরাষ্ট্র গঠনের জন্য শুধু অর্থনৈতিক উন্নয়নই যথেষ্ট নয়। সর্বজনীন নাগরিক, রাজনৈতিক, অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অধিকার নাগরিক রাষ্ট্রের মৌলিক শর্ত।

প্রথমত, শিক্ষা হতে হবে সর্বজনীন। প্রাথমিক থেকে উচ্চশিক্ষা তথা সব স্তরে শিক্ষার গুণগত মান নিশ্চিতি সময়ের দাবি। বিশেষ করে মেয়েদের এবং প্রান্তিক জনগোষ্ঠীর জন্য শিক্ষার সুযোগ বাড়াতে হবে। দ্বিতীয়ত, প্রত্যেক নাগরিকের জন্য বিনা মূল্যে প্রাথমিক স্বাস্থ্যসেবা এবং সাশ্রয়ী মূল্যে বিশেষায়িত চিকিৎসা নিশ্চিতি সর্বজনীন স্বাস্থ্যব্যবস্থার প্রথম ধাপ।

তৃতীয়ত, বাসস্থান মৌলিক অধিকার। শহর ও গ্রামীণ এলাকায় সাশ্রয়ী মূল্যে সামাজিক আবাসনের ব্যবস্থা করা যেতে পারে। চতুর্থত, খাদ্যনিরাপত্তা নিশ্চিত করতে কৃষির আধুনিকায়ন এবং খাদ্য বিতরণব্যবস্থার সংস্কার প্রয়োজনীয়। পঞ্চমত, জীবনচক্রভিত্তিক সর্বজনীন সামাজিক নিরাপত্তাব্যবস্থা গড়ে তুলতে মাতৃ, শিশু, যুব বেকার এবং বয়স্ক ভাতা চালু করতে হবে। এই সামাজিক নিরাপত্তায় জলবায়ু পরিবর্তনের শিকার হওয়া জনগোষ্ঠীকেও অন্তর্ভুক্ত করতে হবে। এই ভাতাসমূহ প্রত্যেক নাগরিকের জীবনের প্রতিটি পর্যায়ে মৌলিক চাহিদা পূরণ নিশ্চিত করে বৈষম্য কমাবে।

উৎপাদনশীলতা বৃদ্ধি, শিল্পায়ন ও বৈচিত্র্যকরণ

বাংলাদেশের অর্থনৈতিক সংকট মোকাবিলা করতে হলে উৎপাদনশীলতা বৃদ্ধি, শিল্পায়ন এবং অর্থনৈতিক বৈচিত্র্যকরণ অপরিহার্য। বর্তমানে বাংলাদেশের অর্থনীতি মূলত তৈরি পোশাকশিল্পের ওপর নির্ভরশীল। নির্ভরশীলতা কমাতে শিল্প খাতের বহুমুখীকরণ ও প্রতিযোগিতা সক্ষমতা বৃদ্ধি জরুরি। এ ছাড়া কৃষি খাতকে আধুনিকায়ন করে খাদ্য উৎপাদন এবং গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালী করতে হবে। শ্রমিক অধিকার নিশ্চিত করতে যথাযথ শ্রম আইন প্রণয়ন এবং তাদের জন্য নিরাপদ কর্মপরিবেশ তৈরি আশু কর্তব্য।

শিল্পায়নের মাধ্যমেই নতুন কর্মসংস্থান সৃষ্টি হতে পারে। যুব বেকারত্ব কমাতে এবং জনমিতিক সুবিধা অর্জনে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ এবং কারিগরি শিক্ষার সুযোগ বাড়ানোর বিকল্প নেই। এতে অভিবাসী আয় বৃদ্ধির নতুন দরজাও খুলে যাবে। সবারই জানা যে প্রতিযোগিতা বৃদ্ধি করতে হলে দেশের ব্যবসায়িক পরিবেশকে সহজ করতে আমলাতান্ত্রিক জটিলতা কমানো লাগবে এবং বিদেশি বিনিয়োগ বহুগুণে বাড়াতে হবে। ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাতের উন্নয়নে বিশেষ প্রণোদনা এবং ঋণসুবিধা প্রদান করলে কর্মসংস্থান সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

দালাল দ্বারা প্রতারিত হবেন কেন?
বাফেলোতে বাড়ি কেনা-বেচায়

নতুন প্রজন্মের বিশ্বস্ত লাইসেন্সড সেলস পার্সন
রাফি সাফওয়ান
ঝামেলামুক্ত সহযোগিতা দিচ্ছে
সিদ্ধান্ত নেয়ার পূর্বে যোগাযোগ করুন:
267-992-3201
Park Realty
of Western New York
155 Summer St
Buffalo, NY 14222

৩য় বার প্রেসিডেন্ট

প্রথম পৃষ্ঠার পর সংবিধানে। তবে ডোনাল্ড ট্রাম্প এই আইন মানতে নারাজ। ৩য় বার প্রেসিডেন্ট হওয়ার পথ খুঁজছেন ট্রাম্প।

সম্প্রতি নিজের চিন্তাভাবনার কথা পুনর্ব্যক্ত করে 'এনবিসি নিউজ'কে ট্রাম্প বলেছেন, তিনি প্রেসিডেন্ট হিসেবে তৃতীয় মেয়াদে প্রার্থী হতে পারেন। রোববার সকালে 'এনবিসি নিউজ'কে দেওয়া এক টেলিফোন সাক্ষাৎকারে ট্রাম্প বলেন, 'তিনি মজা করছেন না। কিন্তু এটা নিয়ে এখনই ভাবনাচিন্তা করা তাড়াহুড়ো হয়ে যাবে বলে জানান তিনি।' প্রেসিডেন্ট তৃতীয় মেয়াদে প্রার্থিতার বিষয়ে বলেন, 'এমন কিছু পদ্ধতি আছে, যার মাধ্যমে আপনি এটি করতে পারেন।' তবে নির্দিষ্ট কোনো পদ্ধতি সম্পর্কে বিস্তারিত বলতে অস্বীকৃতি জানান তিনি।

যুক্তরাষ্ট্রের সংবিধানের ২২তম সংশোধনী অনুসারে, একজন প্রেসিডেন্ট টানা বা বিরতি দিয়ে চার বছর করে দুই মেয়াদের বেশি ক্ষমতায় থাকতে পারবেন না। সাংবিধানিক সংশোধনী বাতিলের প্রস্তাবের জন্য কংগ্রেসের উভয় কক্ষে দুই-তৃতীয়াংশ ভোট এবং আইনসভায় ৫০টি মার্কিন রাজ্যের তিন-চতুর্থাংশের অনুমোদন প্রয়োজন হয়।

ট্রাম্পের কিছু মিত্র ২০২৮ সালের পরেও ট্রাম্পকে হোয়াইট হাউসে রাখার ধারণাটি তুলে ধরেছেন এবং তিনিও বেশ কয়েকবার এমনভাবে এই ধারণা তুলে ধরেছেন, যা তাঁর রাজনৈতিক বিরোধীদের খোঁচা দেওয়ার মতো বলে মনে হয়েছে।

ট্রাম্প ৭৮ বছর বয়সে দ্বিতীয় মেয়াদে প্রেসিডেন্ট হিসেবে শপথ নিয়েছেন। তিনি যদি ২০২৮ সালের নভেম্বরের নির্বাচনের পর আরও চার বছরের জন্য প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব নেন, তবে তার বয়স হবে ৮২ বছর।

১৭৯৬ সালে জর্জ ওয়াশিংটন দুই মেয়াদের প্রেসিডেন্ট হওয়ার নজির স্থাপন করেছিলেন। ১৯৪০ সালে ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট প্রেসিডেন্ট হওয়ার আগ পর্যন্ত ১৪০ বছরের বেশি সময় ধরে দুই মেয়াদে প্রেসিডেন্ট হওয়ার ধারা বজায় ছিল। রুজভেল্ট এই ধারা ভেঙে তৃতীয় মেয়াদে প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করেছিলেন। ১৯৪৫ সালে চতুর্থ মেয়াদের কয়েক মাসের মধ্যে তিনি মারা যান। এর ফলে ১৯৫১ সালে প্রেসিডেন্ট হিসেবে প্রার্থিতার সীমা সংশোধনের পথ প্রশস্ত হয়।

ট্রাম্পের দীর্ঘদিনের উপদেষ্টা স্টিভ ব্যানন ১৯ মার্চ নিউজ ন্যাশনে এক সাক্ষাৎকারে বলেছিলেন, ট্রাম্প ২০২৮ সালে আবারও প্রতিদ্বন্দ্বিতা করবেন বলে তাঁর বিশ্বাস। তিনি বলেন, এটি কীভাবে সম্ভব হবে, সে উপায় খুঁজছেন তিনি ও অন্যরা।

তৃতীয় মেয়াদে নির্বাচন করতে চাওয়ার সুযোগ রয়েছে ট্রাম্পের করা এমন মন্তব্যে প্রতিদ্বন্দ্বী ডেমোক্র্যাট পার্টি ও তাঁর নিজ দল রিপাবলিকান পার্টি থেকেও সমালোচনার মুখে পড়তে হচ্ছে।

যুক্তরাষ্ট্রে ৩ শতাধিক বিদেশি



প্রথম পৃষ্ঠার পর নিয়েছেন বা সামাজিক যোগাযোগমাধ্যমে রাষ্ট্রবিরোধী পোস্ট শেয়ার বা তাতে লাইক দিয়েছেন।

এই কঠোর ব্যবস্থা শুধু সরাসরি বিক্ষোভে অংশ নেওয়া শিক্ষার্থীদের জন্যই নয়, বরং যাঁরা কোনোভাবে এসব কর্মকাণ্ড সমর্থন করেছেন, এমনকি অনলাইনে লাইক দিয়েছেন, তাঁরা এই কঠোর শাস্তির শিকার হচ্ছেন। তাঁদের মধ্যে কিছু ভারতীয় শিক্ষার্থী আছেন বলে টাইমস অব ইন্ডিয়ার প্রতিবেদনে বলা হয়েছে।

যুক্তরাষ্ট্রে বর্তমানে ১১ লাখের বেশি আন্তর্জাতিক শিক্ষার্থী রয়েছেন, তাঁদের মধ্যে ৩ লাখ ৩১ হাজার ভারতীয় শিক্ষার্থী।

বৃহস্পতিবার গায়ানা সফরে সাংবাদিকদের সাথে কথা বলার সময় পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও বলেন, অন্তত ৩০০ বিদেশি শিক্ষার্থীর ভিসা বাতিল করা হয়েছে। এই সংখ্যা আরও বেশি হতে পারে।

বিশ্ববিদ্যালয়গুলোতে ইসরায়েল-বিরোধী বলে বিবেচিত বক্তৃতা দেওয়ার বিরুদ্ধে কঠোর ব্যবস্থার অংশ হিসেবে কতজন শিক্ষার্থীর ভিসা বাতিল করা হয়েছে এমন প্রশ্ন করা হলে রুবিও এসব কথা বলেন।

মার্কো রুবিও বলেন,'প্রতিদিনই আমরা এ কাজ করি। যখন আমরা এসব উন্মাদ খুঁজে পাই তখন তাদের ভিসা বাতিল করি।'

গাজায় ইসরায়েলি আগ্রাসনের প্রতিবাদে যুক্তরাষ্ট্রে অধ্যয়নরত বিদেশি শিক্ষার্থীরা ফিলিস্তিনিদের সমর্থনে বিভিন্ন সময় বিক্ষোভ করেছেন। তবে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসন 'গাজায় যুদ্ধবিরোধী' বিক্ষোভে জড়িত থাকার অভিযোগে একাধিক শিক্ষার্থীকে ইতোমধ্যে আইনের আওতায় এনেছে।

সম্প্রতি ফিলিস্তিনিদের সমর্থন জানানোর কারণে তুর্কি শিক্ষার্থী রুমেইসা ওজতুর্কের ভিসা বাতিল করেছে মার্কিন অভিবাসন কর্তৃপক্ষ। তার আইনজীবী অভিযোগ করেছেন, মঙ্গলবার সন্ধ্যায় ইফতার করতে বন্ধুদের সঙ্গে দেখা করতে যাওয়ার সময় ওজতুর্ককে আটক করা হয়।

৩০ বছর বয়সী ওজতুর্ক বোস্টন অঙ্গরাজ্যের টাফটস বিশ্ববিদ্যালয়ে ডক্টরাল পর্যায়ে অধ্যয়নরত ছিলেন। ম্যাসাচুসেটস অঙ্গরাজ্যে সোমারভিলে নিজ বাড়ির কাছ থেকে তাকে আটক করা হয়।

সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া একটি ভিডিওতে দেখা গেছে, মুখোশ পরিহিত সাদা পোশাকে থাকা সরকারি কর্মীরা ওই শিক্ষার্থীকে তুলে নিয়ে যাচ্ছেন।

এদিকে রাজনৈতিক দৃষ্টিভঙ্গি নিয়ে এমন অভিযান উদ্বেগজনক বলে মন্তব্য বিশেষজ্ঞদের।

ওজতুর্ককে আটকের ঘটনায়, ম্যাসাচুসেটস অ্যাটর্নি জেনারেল আন্দ্রেয়া জয় ক্যাম্পবেল বলেন, ' এমন অতর্কিত ও রাজনৈতিক দৃষ্টিভঙ্গির কারণে আটক উদ্বেগজনক। এটি জননিরাপত্তা নয়, এটি ভীতি প্রদর্শন।'

ডিএইচএসের এক জ্যেষ্ঠ মুখপাত্র বার্তা সংস্থা এপিকে জানিয়েছেন হামাসের সাথে ওজতুর্কের সম্পৃক্ততা রয়েছে। এজন্য তাকে আটক এবং ভিসা বাতিল করা হয়েছে।

বিদেশি শিক্ষার্থীদের বিরুদ্ধে ট্রাম্প প্রশাসনের সাম্প্রতিক পদক্ষেপকে বাকস্বাধীনতার উপর হস্তক্ষেপ বলে তীব্র সমালোচনা করেন মানবাধিকার কর্মীরা।

মার্চ মাসে দ্য ডেইলী টাফটসে ওজতুর্ক এর লেখা একটি উপ প্রবন্ধ প্রকাশ হয়েছিলো। তার সেই লেখায় 'ফিলিস্তিনি গণহত্যা স্বীকার করতে হবে' এমন দাবি করা হয়।

তবে ট্রাম্প প্রশাসন জানায়, শিক্ষার্থীদের এসব আন্দোলন ইহুদীবিদ্বেষী যা যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রনীতিকে ক্ষতিগ্রস্ত করবে।

যুক্তরাষ্ট্রের হোমল্যান্ড সিকিউরিটির পক্ষ থেকে বলা হয়, ওজতুর্ক হামাসের মতো একটি সন্ত্রাসী সংগঠনের সমর্থনে কাজ করছিলেন, যে সংগঠনটি আমেরিকান নাগরিকদের হত্যা করাকে উপভোগ করে। সবার মনে রাখা উচিত, যুক্তরাষ্ট্রের ভিসা পাওয়া একটি সুযোগ, এটি কারও অধিকার নয়।

মিনেসোটায় বিমান বিধ্বস্ত

প্রথম পৃষ্ঠার পর এবং বাড়িটিতে আগুন লেগে যায়।

ব্রুকলিন পার্কের ফায়ার চিফ শন কনওয়ে জানিয়েছেন, ঠিক কতজন যাত্রী প্লেনে ছিলেন তা এখনো নিশ্চিত নয়। দুর্ঘটনার কারণ জানতে তদন্ত চলছে। বাড়ির ভেতরে থাকা সবাই নিরাপদে বের হয়ে আসতে পেরেছেন বলে কর্মকর্তারা জানিয়েছেন। তবে তারা দুর্ঘটনার আগে নাকি পরে বেরিয়েছেন, তা স্পষ্ট নয়।

ফেডারেল এভিয়েশন অ্যাডমিনিস্ট্রেশন (এফএএ) জানিয়েছে, এসওসিএটিএ টিবিএম৭ নামের প্লেনটি আইওয়ার ডেস মইনস আন্তর্জাতিক বিমানবন্দর থেকে উড্ডয়ন করে মিনিয়াপোলিসের আনোকা কাউন্টি-ব্লেইন বিমানবন্দরের দিকে যাচ্ছিল। স্থানীয় সময় শনিবার দুপুর ১২টা ২০ মিনিটে এটি বিধ্বস্ত হয়।

সোশ্যাল মিডিয়ায় প্রকাশিত ভিডিওতে দেখা যায়, বড় গাছঘেরা একটি বাড়িতে আগুন জ্বলছে। পাশাপাশি, আরেকটি ভিডিওতে ঘটনাস্থল থেকে ধোঁয়ার বিশাল কুণ্ডলী উঠতে দেখা গেছে। আশপাশের বাড়িগুলো আগুনের ক্ষতির শিকার হয়নি। তিনজন দমকলকর্মী পানি ছিটিয়ে আগুন নেভানোর চেষ্টা করছিলেন। জাতীয় পরিবহন নিরাপত্তা বোর্ড (এনটিএসবি) এফএএর সহায়তায় দুর্ঘটনার তদন্ত করবে।

এনটিএসবি জানিয়েছে, তাদের তদন্ত দল প্লেনের ধ্বংসাবশেষ পর্যবেক্ষণ করবেন এবং দুর্ঘটনার কারণ নির্ণয়ে কাজ করবেন। তদন্তে পাইলট, প্লেন ও আবহাওয়াসহ অন্যান্য বিষয় গুরুত্ব পাবে। এনটিএসবি ফ্লাইট ট্র্যাকিং ডেটা এবং এয়ার ট্রাফিক কন্ট্রোলের রেকর্ড সংগ্রহ করবে বলে জানিয়েছে।

নির্বাচিত হয়েই ট্রাম্পকে

প্রথম পৃষ্ঠার পর

ট্রাম্প দীর্ঘদিন ধরে নির্বাচনী ব্যবস্থা নিয়ে প্রশ্ন তুলেছেন এবং ২০২০ সালে ডেমোক্রেটিক পার্টির কাছে তার পরাজয়কে মিথ্যা দাবি করে চলেছেন। ট্রাম্পের দাবি, ২০২০ সালে নির্বাচনে ব্যাপক জালিয়াতি করে জিতেছিলেন বাইডেন।

ট্রাম্প ও তাঁর রিপাবলিকান মিত্ররা যুক্তরাষ্ট্রের নির্বাচনে দেশটির নাগরিক নন, এমন ব্যাপক ভোট পড়ার ভিত্তিহীন দাবি করে আসছেন। এ ধরনের ভোট অবৈধ। কিন্তু এ ধরনের ঘটনা খুব বেশি ঘটে না।

গত বছর রিপাবলিকান-নিয়ন্ত্রিত প্রতিনিধি পরিষদ একটি বিল অনুমোদন করেছে, যাতে দেশটির নাগরিক নন এমন ব্যক্তিদের ফেডারেল নির্বাচনে ভোট দেওয়ার জন্য নিবন্ধন নিষিদ্ধ করবে। দেশটিতে এ ধরনের নিবন্ধন অবৈধ। প্রতিনিধি পরিষদে বিলটি অনুমোদিত হলেও ডেমোক্র্যাট নিয়ন্ত্রিত সিনেটে সেটি পাস হয়নি। একই লক্ষ্য থেকে নির্বাহী আদেশে সই করেছেন ট্রাম্প।

ভোটাধিকার নিয়ে কাজ করা গোষ্ঠীগুলো বলছে, সেফগার্ড আমেরিকান ভোটার এলিজিবিলিটি অ্যাক্টের মতো আইন রূপান্তর না হওয়া বিলগুলো ভোটারদের, বিশেষ করে পাসপোর্ট বা অন্যান্য নথি না থাকা কৃষ্ণাঙ্গ ব্যক্তিদের ভোটারাধিকার থেকে বঞ্চিত করবে।

গত মঙ্গলবার নির্বাহী আদেশে সই করার সময় হোয়াইট হাউসে ট্রাম্প বলেন, 'আমাদের নির্বাচনগুলো সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। এই দেশ নির্বাচন, ভুয়া নির্বাচন আর খারাপ নির্বাচনের কারণে এতটাই অসুস্থ। আমরা কোনো না কোনোভাবে এটিকে ঠিক করে ফেলব।'

অবশ্য ট্রাম্পের এ আদেশ আইনি বাধার মুখে পড়বে। পাবলিক সিটিজেন নামের একটি ভোটাধিকার অধিকার সংস্থার কোপ্রেসিডেন্ট লিসা গিলবার্ট বলেন, এটি গণতন্ত্রের ওপর স্পষ্ট আক্রমণ ও একনায়কতান্ত্রিক ক্ষমতা দখল।

নির্বাচনের পথে

৪ নং পৃষ্ঠার পর

বৈশ্বিক প্রেক্ষাপটে বঙ্গোপসাগরীয় অঞ্চলের উত্থান

বৈশ্বিক অর্থনৈতিক ও ভূরাজনৈতিক প্রেক্ষাপটে বঙ্গোপসাগরীয় অঞ্চল গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এই অঞ্চলের দেশগুলোর মধ্যে সহযোগিতা বাড়িয়ে শান্তিপূর্ণ ও সমৃদ্ধ বঙ্গোপসাগর গড়ে তোলা সম্ভব। বাংলাদেশ, শ্রীলঙ্কা, মালদ্বীপ, মিয়ানমার, থাইল্যান্ড, মালয়েশিয়া, সিঙ্গাপুর ও ইন্দোনেশিয়ার মধ্যে বাণিজ্য, বিনিয়োগ ও প্রযুক্তি বিনিময় বাড়লে এই অঞ্চল বৈশ্বিক অর্থনীতিতে একটি গুরুত্বপূর্ণ কেন্দ্র হিসেবে আবির্ভূত হবে। সমুদ্র অর্থনীতি, নীল অর্থনীতি এবং জ্বালানি সহযোগিতার মাধ্যমে সম্পর্ক জোরদার করা সম্ভব। এ ছাড়া জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবিলায় যৌথ উদ্যোগ নেওয়া জরুরি। আঞ্চলিক যোগাযোগ অবকাঠামোগত উন্নয়নে বিনিয়োগ করলে বাণিজ্য ও পর্যটন বাড়বে।

একই সঙ্গে বাংলাদেশের সনাতন বাণিজ্য-সম্পর্কের দেশ বা জোট তথা চীন, ভারত, যুক্তরাষ্ট্র, জাপান, কোরিয়া, ইউরোপীয় ইউনিয়ন এবং মধ্যপ্রাচ্যে নতুন রপ্তানির বাজার বাড়াতে হবে। নতুন নতুন মুক্তবাণিজ্য অঞ্চল চুক্তির দরকার। তবে এই বাণিজ্য চুক্তিগুলো করার সময় দেশের স্বার্থ এবং শ্রমিকদের অধিকার রক্ষা করতে হবে।

জনগণের হাতেই ভবিষ্যৎ

যুগে যুগে বাংলাদেশের জনগণই ভবিষ্যৎ নির্ধারণের দায়িত্ব নিষ্ঠার সঙ্গে পালন করেছে। প্রতিটি গণআন্দোলনই ইতিবাচক পরিবর্তন ঘটিয়েছে। এবারও ব্যতিক্রম হবে না। জনগণের ওপর আস্থাই আমাদের শ্রেষ্ঠ সম্বল। তাদের সিদ্ধান্তে ভুল হয়নি। জনগণই সিদ্ধান্ত নেবে কোন দল বা জোটকে নির্বাচিত করবে। একটি ন্যায্য, গণতান্ত্রিক ও সমৃদ্ধ বাংলাদেশ গড়তে জনগণের ম্যান্ডেট পথের দিশা। কল্যাণরাষ্ট্রের স্বপ্ন বাস্তবায়নের মাধ্যমে নাগরিকের বাংলাদেশ গড়ে তুলতে পারি। আর এই বাংলাদেশ হতে পারে শান্তিপূর্ণ ও সমৃদ্ধ বঙ্গোপসাগরীয় অঞ্চলের অগ্রণী দেশ।

লেখক: ঢাকা বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন অধ্যয়ন বিভাগের অধ্যাপক

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী

● ইমিগ্রেশন ● রিয়েল এস্টেট
● এক্সিডেন্ট ● ল্যান্ডলর্ড-টেনেন্ট
● ব্যাংক্রাপসি ● ডিভোর্সসহ বিভিন্ন
সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।
মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, E-mail: azizbbn@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

মিয়ানমারে ভূমিকম্পে নিহতের সংখ্যা ১৬০০ ছাড়াল

বাংলা পত্রিকা ডেস্ক: মিয়ানমারে ভূমিকম্পে এখন পর্যন্ত ১ হাজার ৬৪৪ নিহত হয়েছেন। আহত হয়েছেন ৩ হাজার ৪০৮ জন। এ ঘটনায় এখনো নিখোঁজ রয়েছেন ১৩৯ জন।

শনিবার দেশটির সামরিক কাউন্সিল এ তথ্য জানিয়েছে। খবর রয়টার্স।

দক্ষিণপূর্ব এশিয়ার আট দেশে গত শুক্রবার শক্তিশালী ভূমিকম্প আঘাত হানে। এতে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত মিয়ানমারে নিহত ব্যক্তির সংখ্যা হাজার ছাড়িয়েছে আজ শনিবার দুপুরেই। এর আগে প্রাথমিক খবরে দেশটিতে প্রায় ১ হাজার জন মারা গেছেন বলে জানানো হয়েছিল।

মিয়ানমার ছাড়াও প্রতিবেশী থাইল্যান্ডের রাজধানী ব্যাংককে মারা গেছেন অন্তত ১০ জন। দেশ দুটিতে হতাহত ব্যক্তিদের প্রকৃত সংখ্যা ও ক্ষয়ক্ষতির পরিমাণ, বিশেষত মিয়ানমার থেকে তাৎক্ষণিকভাবে পরিষ্কার জানা যায়নি। কেননা, মিয়ানমারে গৃহযুদ্ধ চলছে ও সেখান থেকে তথ্য পাওয়া কঠিন।

যুক্তরাষ্ট্রের ভূতাত্ত্বিক জরিপ সংস্থা ইউএসজিএসের তথ্যমতে, গতকাল স্থানীয় সময় দুপুর ১২টা ৫০ মিনিটে মিয়ানমারের কেন্দ্রীয় অঞ্চলে ৭ দশমিক ৭ মাত্রার ভূমিকম্প হয়। এর কেন্দ্র ছিল মিয়ানমারের দ্বিতীয় বড় শহর মান্দালয় থেকে প্রায় ১৭ কিলোমিটার দূরে। ভূমিকম্পের উৎপত্তিস্থল ছিল ভূপৃষ্ঠের ১০ কিলোমিটার গভীরে। ভূমিকম্পের ১২ মিনিট পর ৬ দশমিক ৪ মাত্রার একটি পরাঘাত (আফটার শক) হয়।

উত্তপ্ত হতে পারে রাজনীতি

ঢাকা ডেস্ক: দেশে রাজনৈতিক মাঠে নতুন মেরুকরণ হতে পারে। বিএনপি, জামায়াতে ইসলামী ও জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) মাঠে নিজেদের আধিপত্য বিস্তারের জন্য সক্রিয় হতে পারে বলে সংশ্লিষ্টরা মনে করছেন। তবে এ প্রতিযোগিতা দলগুলোর জন্য চ্যালেঞ্জ তৈরি করতে পারে, যা রাজনৈতিক সংঘাতের নতুন ধারা সৃষ্টির ধারণা করা হচ্ছে। বিএনপি সংস্কার শেষ করে দ্রুত নির্বাচন চায়, জামায়াত প্রয়োজনীয় সংস্কারের পর নির্বাচন দিতে চায় আর এনসিপি চায় গণপরিষদ নির্বাচন। এ নিয়ে দলগুলোর কর্মসূচি উত্তপ্ত হওয়ার শঙ্কা দেখছেন বিশ্লেষকরা।

অন্তর্বর্তী সরকারের পক্ষ থেকে জানানো হয়েছে, ডিসেম্বর থেকে জুনের মধ্যে জাতীয় নির্বাচন হওয়ার কথা। তবে ৫ আগস্ট রাজনৈতিক পটপরিবর্তনের পর সরকার সংস্কার ইস্যুর বাস্তবায়ন নিয়ে কিছু সময় বিলম্বের আভাসও দেওয়া হয়েছে। প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বলেছেন, রাজনৈতিক দলগুলোর স্বল্প সংস্কারের দাবি অনুযায়ী নির্বাচন ডিসেম্বর থেকে আগামী বছরের শুরুর দিকে হতে পারে আর এর প্রস্তুতি নিচ্ছে নির্বাচন কমিশন (ইসি)।

বিএনপি ঈদের পর কেন্দ্র থেকে তৃণমূল পর্যন্ত নির্বাচনী প্রস্তুতি বাড়াতে জোরেশোরে মাঠে নামবে। দলটি নির্বাচনের দাবিতে জেলা ও বিভাগীয় পর্যায়ে সমাবেশ করবে। জামায়াতও তৃণমূলে পুনর্গঠন শুরু করেছে এবং স্বতন্ত্রভাবে সংগঠন বিস্তার করছে। এনসিপি, যা ফেব্রুয়ারিতে আত্মপ্রকাশ করেছে, তৃণমূলে কমিটির কাজ শুরু করেছে এবং সক্রিয় হতে যাচ্ছে।

রাজনৈতিক বিশ্লেষকরা মনে করছেন, সংস্কার ইস্যুতে বিএনপি, জামায়াত ও এনসিপির মধ্যে বিরোধ বাড়তে পারে। নির্বাচন নিয়ে দলগুলোর মধ্যে মতবিরোধ রাজনৈতিক উত্তেজনা সৃষ্টি করতে পারে।

বিএনপি নেতারা মনে করেন, জামায়াত ও এনসিপির তৃণমূলে সক্রিয়তা বিএনপির ভোটব্যাংকে প্রভাব ফেলার জন্যই কাজ করবে। জামায়াতের লক্ষ্য হলো বিএনপির দুর্বলতা কাজে লাগিয়ে জনসম্পৃক্ততা বাড়ানো। এনসিপি, তরুণ ও নতুন ভোটারদের আকৃষ্ট করতে চায় এবং পুরনো দলগুলোর মধ্যে ভাঙন ধরাতে চেষ্টা করবে। কিন্তু সেটি কতটা সম্ভব, তারা সেই সমীকরণ এখনো মেলাতে পারেনি। কেননা, গত ১৫ বছর বিএনপি নেতাকর্মীরা আরও সক্রিয় হয়েছেন। ফলে দলগুলো যে স্বপ্ন দেখত সেটি অমূলক।

এদিকে ১৫ বছর পর মুক্ত পরিবেশে ঈদ উদযাপন করতে যাচ্ছেন ক্ষমতাচ্যুত আওয়ামী লীগের ফ্যাসিবাদী শাসনের দমন-পীড়নের শিকার বিএনপি, জামায়াতে ইসলামীসহ বিভিন্ন দলের নেতাকর্মী ও তাদের পরিবারের সদস্যরা। ফলে উৎসবের আমেজ ও নব-উদ্দীপনায় এবার ঈদ উদযাপন হবে, এসব রাজনৈতিক পরিবারে।

ঈদ বরাবরই তৃণমূলের রাজনীতিতে গণসংযোগের বড় উপলক্ষ এনে দেয়। তাই ডিসেম্বরে অন্তর্বর্তী সরকারের ভোটের প্রস্তুতির ঘোষণার পর নির্বাচনী রাজনীতির পালে হাওয়া গেলেছে বেশ জোরতালে। এবারের ঈদকে তারা ভোটের প্রস্তুতি হিসেবে কাজে লাগাচ্ছেন। রাজনৈতিক দলগুলোর নেতাদের অনেকেই রমজান শুরুর পর থেকেই সম্ভাব্য একাধিক প্রার্থী প্রতিটি সংসদীয় আসনে গণসংযোগ ও ইফতার অনুষ্ঠানের মাধ্যমে দলের কর্মকা- তুলে ধরছেন। বিশেষ করে বিএনপি তাদের ঘোষিত ৩১ দফা প্রস্তাব তুলে ধরতে নানা কর্মসূচি চালিয়ে যাচ্ছে। বিএনপির পক্ষ থেকে তৃণমূলের সঙ্গে যোগাযোগ বাড়াতে উপহারসামগ্রী বিতরণের কার্যক্রম চালিয়েছে।

এবার বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া এবার ঈদ কাটাবেন লন্ডনে তার পরিবারের সঙ্গে, যেখানে তিনি বড় ছেলে দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানসহ পরিবারের সদস্যদের সঙ্গে সময় কাটাবেন। অন্যদিকে, বিএনপির অধিকাংশ নেতা নিজ নিজ এলাকায় ঈদ উদযাপন করবেন। পাশাপাশি কেন্দ্রীয় নেতারা জিয়া উদ্যানে বিএনপির প্রতিষ্ঠাতা শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের মাজার জিয়ারত করার কর্মসূচি ঘোষণা করেছে।

জামায়াতে ইসলামী, এনসিপিসহ অন্য দলগুলো ঈদের পর রাজনৈতিক কর্মসূচি বাড়ানোর পরিকল্পনা করছে।

এ বিষয়ে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর সম্প্রতি এক ইফতার মাহফিলের অনুষ্ঠানে বলেছেন, 'নির্বাচন বিলম্ব হলে ফ্যাসিস্ট শক্তি আবার মাথাচাড়া দিয়ে উঠবে।' তিনি দ্রুত সংস্কার এবং নির্বাচনের দাবিতে আন্দোলনের হুঁশিয়ারি দিয়েছেন।

জামায়াতে ইসলামী আমির শফিকুর রহমান বিভিন্ন অনুষ্ঠানে বলেন, 'জাতীয় নির্বাচনের আগে মৌলিক সংস্কারের প্রয়োজন রয়েছে।'

বিএনপির জাতীয় স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায় বলেন, 'সারা দেশে রমজান শুরুর পর থেকেই ওয়ার্ড ও থানায় সংগঠনকে শক্তিশালী করার কাজ ঈদেও অব্যাহত থাকবে। যেসব দল রয়েছে, তারা যেভাবেই বলুক, নির্বাচনের মধ্য দিয়ে একটি গণতান্ত্রিক সরকারকে ক্ষমতায় আসতেই হবে। এজন্য কেউ ষড়যন্ত্র করতে চাইলে তাদের পরিণতি ফ্যাসিসদের মতোই হবে।'

বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ বলেন, 'ফ্যাসিস্ট সরকারের অধীনে বিগত বছরগুলোয় দেশের মানুষ স্বাধীনভাবে ঈদ উদযাপন করতে পারেনি। এবারের ঈদ হবে শেখ হাসিনামুক্ত বাংলাদেশে।'

NUR BEPARY AUTO REPAIR & BODY SHOP, INC.

COMPLETE BODY REPAIR

একটি বাংলাদেশী প্রতিষ্ঠান

Nur Bhai
President
718-551-1405



35-44, 61st Street
Woodside, NY 11377
Tel: 718-898-0052

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine

সীমিত সময়ের জন্য 15% Off

Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

গ্রিন কার্ড প্রক্রিয়ায় স্থগিতাদেশ; দুশ্চিন্তায় বাংলাদেশিসহ অভিবাসন প্রত্যাশীরা

প্রথম পৃষ্ঠার পর কেইস আবারো কঠোর যাচাই-বাঁচাইয়ের পরিকল্পনা গ্রহণ করেন ট্রাম্প প্রশাসন। এজন্য সাময়িকভাবে 'গ্রিন কার্ড' আবেদন স্থগিত করেছে দেশটি।

যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি বিভাগের অধীনস্থ ইউএস সিটিজেনশিপ অ্যান্ড ইমিগ্রেশন সার্ভিস (ইউএসসিআইসি) জানিয়েছে, তারা অতিরিক্ত নিরাপত্তা যাচাইয়ের জন্য নির্দিষ্ট কিছু আবেদন প্রক্রিয়া সাময়িকভাবে স্থগিত করছে। বিশেষত যারা আশ্রয়প্রার্থী বা শরণার্থী হিসেবে যুক্তরাষ্ট্রে প্রবেশ করেছেন এবং এক বছর পর স্থায়ী বাসিন্দার জন্য আবেদন করেছেন, তাদের আবেদনগুলিতে অতিরিক্ত যাচাই-বাছাই হবে।

ইমিগ্রেশন বিশেষজ্ঞরা বলছেন, এই নতুন ভেটিং প্রক্রিয়া যুক্তরাষ্ট্রে ইতিমধ্যেই কঠোর নিরাপত্তা যাচাই প্রক্রিয়ার মধ্য দিয়ে আগত শরণার্থীদের জন্য আরেকটি দফা জটিলতা তৈরি করবে। এই সিদ্ধান্ত এদেশে অবস্থানরত রাজনৈতিক আশ্রয়প্রার্থী বাংলাদেশের হাজারো অভিবাসন প্রত্যাশীদের উদ্বিগ্ন করে তুলেছে।

অভিবাসন আইনজীবীরা বলছেন, এই ধরণের বাধা যুক্তরাষ্ট্রের ইমিগ্রেশন সিস্টেমে দীর্ঘসূত্রতা তৈরি করতে পারে।

এ সিদ্ধান্তের খবর জানার পর বাংলাদেশি যারা যুক্তরাষ্ট্রে দীর্ঘ অপেক্ষার পর এসাইলাম কেইস অনুমোদন প্রাপ্ত হয়েছেন তাঁদের অনেকের দুশ্চিন্তা এবং হতাশা বেড়েছে। তাঁদের এসাইলাম কেইস কি প্রক্রিয়ায় আবার পুনরায় রিভিউ হবে সে বিষয়ে বিস্তারিত জানতে ছুঁটছেন ইমিগ্রেশন এটর্নির কাছে।

ব্রুকলিনে বসবাসরত বাংলাদেশের চাঁদপুরের বাসিন্দা তিনি ২০১২ সালে মেক্সিকো সীমান্ত দিয়ে অবৈধভাবে যুক্তরাষ্ট্রে প্রবেশ করেন। তিনি জানান, যুক্তরাষ্ট্রে প্রবেশের পর ১ মাস সীমান্তে সেইফ হোমে আটক ছিলেন তিনি। এরপর বন্ড দিয়ে নিউইয়র্কে এসে রাজনৈতিক আশ্রয় প্রার্থনা করেন। ২০১৯ সালে ইমিগ্রেশন কোর্ট তার আবেদন বাতিল করেন বিচারক। পরে তিনি আপিল করেন। গত বছরের মার্চে তার আবেদন কোর্টে অনুমোদন পায়। এরপর দুই মাস অগে তিনি আবেদন করেন গ্রীন কার্ড এর। কিন্ত এখন শুনেছি আবেদনে থাকা গ্রীন কার্ড প্রক্রিয়া স্থগিত করার ঘোষণা দিয়েছে ইউএসসিআইএস। এজন্য আমার এটর্নী অফিসে যোগাযোগ করেছি। সেখান থেকে শুধু বলা হয়েছে আমার আবেদনের কোন নোটিশ না আসা পর্যন্ত আমাকে অপেক্ষা করতে হবে। যদি যাচাই করতে চায় তাহলে আবার সব ডকুমেন্ট দেখাতে হবে। তবে আবার ইমিগ্রেশন কোর্ট কিংবা ইমিগ্রেশন অফিসে ইন্টারভিউ দিতে হবে কিনা সেটি নিশ্চিত করে বলতে পারেনি। আমি আওয়ামী লীগ সরকারের বিরুদ্ধে অভিযোগ করে রাজনৈতিক আশ্রয় প্রার্থনা করেছি। বাংলাদেশে এখন সেই সরকার নেই। রিভিউয়ে যদি বর্তমানে এ বিষয়টি বিবেচনা করা হয় তাহলেতো আমার এসাইলাম বাতিল ও গ্রীন কার্ড অনুমোদন নাও হতে পারে।

গত জানুয়ারিতে এসাইলাম কেইস অনুমোদন পেয়েছেন বাংলাদেশের সিলেটের এক ব্যক্তি। তিনি জানান, আমার এসাইলাম কেইস ফেডারেল ইমিগ্রেশন কোর্টে এপ্রুভ করেছেন বিচারক। অপেক্ষা করছিলাম গ্রীন কার্ড এপ্লাই করবো। এখন শুনি রিফিউজি ও শরণার্থীদের গ্রীন কার্ড এপ্লাই বন্ধ করা হয়েছে। লো অফিসে যোগাযোগ করে কোন স্পষ্ট ধারণা পাচ্ছিনা। তাই এ কারণে টেনশন লাগছে কি হবে।

টুরিস্ট ভিসায় যুক্তরাষ্ট্রে আসা এক বাংলাদেশি জানান, আমার দুই ভাই নিউইয়র্কে থাকেন। বড় ভাই এদেশের সিটিজেন। তিনি আমার জন্য পারিবারিক ভিসার আবেদন করেছিলেন। ডিসেম্বরে আমি এদেশে আসি। এটর্নির সাথে পরামর্শ করে আমার জন্য ভাইয়ের আবেদন (আই-১৩০) এর মাধ্যমে স্ট্যটাস এডজাস্টমেন্ট করার প্রক্রিয়া শুরু করেছি। কিন্তু গ্রীনকার্ড আবেদন প্রক্রিয়া স্থগিতের পর আমার এ আবেদন কি করতে পারবো সে বিষয়টি নিশ্চিত হতে পারছিনা। যদিও এটর্নি অফিস থেকে বলা হয়েছে আমার আবেদন ক্যাটাগরী ওই প্রক্রিয়ার মধ্যে না। তবুও ট্রাম্প প্রশাসনের নতুন নতুন ইমিগ্র্যান্ট বিরোধী নীতির কারণে শংকায় রয়েছি। কারণ ট্রাম্প আগেই ঘোষণা দিয়েছিলেন পারিবারিক ভিসা পদ্ধতি বন্ধ করতে চান।

স্টুডেন্ট ভিসায় এসে অপ্রাপ্তবয়স্ক হিসেবে এসাইলাম করছিলেন বাংলাদেশি ১৯ বছরের এক শিক্ষার্থী। তার এ প্রক্রিয়া অনুমোদন হয়েছে এবং গ্রীন কার্ডের আবেদন করেছেন। ওই শিক্ষার্থী স্টেইনওয়ের একটি রেস্টুরেন্টে কাজ করেন। এ শিক্ষার্থী বলেন খবরের মাধ্যমে জেনেছি গ্রীন কার্ড প্রক্রিয়া স্থগিত। কাদের আবেদন রিভিউ হবে, কি কি রিভিউ হবে সেটা নিয়ে বিভিন্ন জন ভিন্ন ধরণের কথা বলছেন। তাই আমার আবেদন এপ্রুভ হবে কিনা এই বিষয়ে টেনশনে আছি।

এ বিষয়ে ইমিগ্রেশন বিশ্লেষক মইন উদ্দিন নাসের বলেন, কাদের গ্রীন কার্ড আবেদন প্রক্রিয়া স্থগিতের ঘোষণায় বেশকিছু বিভ্রান্তি সৃষ্টি হয়েছে। আসলে এখানে যাদের গ্রীন কার্ড আবেদন স্থগিত করা হয়েছে অন্যতম হলো লাতিন আমেরিকার কয়েকটি দেশের নাগরিকদের জন্য। কারণ বাইডেন প্রশাসনের সময় যুক্তরাষ্ট্রে এসে বিশেষ প্রক্রিয়ায় স্থায়ী বসবাসের অনুমতি চেয়েছিলেন এ অঞ্চলের নাগরিকরা। তাঁদের গ্রীন কার্ড আবেদন প্রক্রিয়া এ স্থগিতাদেশের আওতায় আনা হবে।

এছাড়া বিশ্বের বিভিন্ন দেশ থেকে সীমান্ত দিয়ে যুক্তরাষ্ট্রে এসে যারা রাজনৈতিক আশ্রয় পেয়েছেন তাদের আবেদন প্রক্রিয়া এর আওতায় পড়বে। তবে এদের মধ্যে যারা সীমান্ত দিয়ে প্রবেশ করে প্যারোলে মুক্ত হয়েছে তাদের সবাইকে বর্ডার কর্তৃপক্ষ একটি ফর্ম নোটিশ দিয়ে থাকে। সেখানে নোটিশ টু এপিয়ার নির্দেশনা থাকে। যেটিতে ফেডারেলের হোমল্যান্ড সিকিউরিটির অধীনে ইমিগ্রেশন এন্ড কাস্টমস এনফোর্সমেন্ট এর কাছে ৬০ দিনের মধ্যে রিপোর্ট করতে বলা হয়। অনেকেই এ বিষয়টিকে গুরুত্ব না দিয়ে সরাসরি এটর্নির মাধ্যমে এসাইলাম করে থাকেন। কিন্তু ইমিগ্রেশন আইনে এটি খুবই গুরুত্বপূর্ণ। এরকম যারা 'নোটিশ টু এপিয়ার' রিপোর্ট করেননি তাদের কেইস এপ্রুভ হলেও এখন যাচাই বাচাইয়ে সে বিষয়টি অনেক বড় ফ্যাক্টর হতে পারে। তাছাড়া যারা ভুল তথ্য দিয়ে ও বিশেষ প্রক্রিয়ায় দ্রুত এপ্রুভাল পেয়েছেন তাদের জন্যও ঝুঁকি রয়েছে। আর যারা সঠিক তথ্য ও যথাযথ প্রক্রিয়ায় এসাইলাম এপ্রুভাল পেয়েছেন তাদের জন্য দুশ্চিন্তার কিছু নেই। তবে এ বিষয়টি যেহেতু স্থগিত ও রিভিউ করা হবে সেজন্য এখন গ্রীন কার্ড আরো বেশি সময় ও জটিলতা বাড়বে।

এটর্নী মীর মিজানুর রহমান বলেছেন, এটা নিয়ে দুশ্চিন্তার কিছু নেই। নিয়ম মেনে এসাইলাম কেইস এপ্রুভ যারা পেয়েছে তাদের গ্রীন কার্ড প্রক্রিয়া ও রিভিউ আটকাবে না। সময় লাগবে তাই ধর্য্য ধরতে হবে। কোনরকম ক্রিমিনাল রেকর্ডে জড়িত যাতে না হোন সে জন্য সতর্ক থাকতে হবে।

৫০ দিনে ৩১৬ বার

শেষ পৃষ্ঠায় পর

ডোনাল্ড ট্রাম্প। সেই হিসাবে ৫০ দিনে তিনি ৩১৬ বার বাইডেনের নাম নিয়েছেন। এর অধিকাংশ সময় তিনি দোষারোপ করতে বাইডেনের নাম নিয়েছেন।

নিউইয়র্ক টাইমসের এক বিশ্লেষণে এ তথ্য জানানো হয়েছে।

ওই বিশ্লেষণে বলা হয়েছে, ট্রাম্প যতবার বাইডেনের নাম নিয়েছেন, ওই সময়ে ততবার তিনি আমেরিকা শব্দটিও বলেননি। প্রতিবেদনে বলা হয়েছে, নিজেদের সৃষ্ট বিশৃঙ্খলায় ডুবে গেছে ট্রাম্প প্রশাসন। এ জন্য কাকে দোষারোপ করতে হবে, তা খুব ভালো করেই জানেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। গত বুধবার সিগন্যালগেট কেলেঙ্কারির দুই দিন পর ট্রাম্প নিজের ডেস্কে বসে সাংবাদিকদের বলেন, এই ব্যর্থতার পেছনে আসল অপরাধী জো বাইডেন ছাড়া আর কেউ নন। প্রেসিডেন্ট বলেছেন, বাইডেন শুরুতেই হুতিদের ওপর হামলার বিষয়ে পরিকল্পনা করতে হতো না এবং সিগন্যাল অ্যাপে একটি গ্রুপে এটি নিয়ে বার্তা আদান-প্রদান করতে হতে না। সম্প্রতি ইয়েমেনে হুতি বিদ্রোহীদের ওপর বড় ধরনের হামলা শুরু করেছে যুক্তরাষ্ট্র। হুতিদের ওপর যুক্তরাষ্ট্রের এই হামলার একটি পরিকল্পনা ফাঁস হয়ে গেছে। বরাবরের মতো এ ঘটনায়ও ট্রাম্প তাঁর পূর্বসূরি বাইডেনকেই দোষারোপ করেছেন।

ট্রাম্প কেন বাইডেনকে বারবার দোষারোপ করেন, এর ব্যাখ্যা দিয়েছেন ডেমোক্রেটিক পার্টির সাবেক নীতিনির্ধারক জেমস কারভিল। তিনি বলেন, 'ট্রাম্পের মনে ঠিক কী চলে, সেটা আমি জানি বলেই আমার মনে হয়। তিনি জনগণকে অস্থিতিশীল অর্থনীতির জন্য প্রস্তুত করার চেষ্টা করছেন। তাঁর নিজের বাণিজ্যযুদ্ধের কারণে এই অস্থিতিশীল অর্থনীতি এখন চোখের সামনে। কী ঘটতে চলেছে, তা তিনি দেখতে পাচ্ছেন এবং তিনি নিজেকে দোষারোপ করতে পারবেন না। তাই তাঁকে বাইডেনকেই দোষারোপ করতে হবে।'

ঐক্যবদ্ধ কুলাউড়াবাসীর জরুরী সভা আগামী রবিবার

যুক্তরাষ্ট্রে বসবাসরত ঐক্যবদ্ধ কুলাউড়াবাসীর এক জরুরী সভা
আগামী ৬ এপ্রিল রবিবার সন্ধ্যা ৬ টায় এস্টোরিয়ার জালালাবাদ ভবনে
(৩৭ ০৬ ৩১ স্ট্রিট এস্টোরিয়া) অনুষ্ঠিত হবে।

সভায় সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিনীত অনুরোধ জানানো হচ্ছে–

আমন্ত্রণক্রমে

১. মোঃ এনায়েত হোসেন জালাল
২. মোঃ রেজাউল করীম রেনু
৩. আব্দুল জব্বার সিদ্দিকী
৪. আফাজুর রহমান চৌধুরী ফাহাদ

নিউইয়র্কে বিপুল উৎসাহে ঈদুল ফিতর উদযাপিত

প্রথম পৃষ্ঠার পর

ঈদের জামাতে অংশ নেন। জ্যামাইকা মুসলিম সেন্টার (জেএমসি)-এর উদ্যোগে নিউইয়র্ক সিটির কুইন্স বরোর জ্যামাইকার টমাস এডিসন হাইস্কুল মাঠে ঈদের সবচেয়ে বড় জামাত অনুষ্ঠিত হয়। এতে ১০/১২ হাজার নর-নারী ঈদেও জামাতে অংশ নেন বলে সংশ্লিস্টরা দাবী করেন। ঈদের নামাজ আদায় শেষে মহান আল্লাহতায়ালার দরবারে সমগ্র মুসলিম জাহান তথা মানব জাতির সুখ-সমৃদ্ধি ও শান্তি কামনা এবং ফিলিস্তিনীদের জন্য বিশেষ মোনাজাত করা হয়।

দীর্ঘ একমাস সিয়াম সাধনা অর্থাৎ রোজা রাখার মাধ্যমে মহান সৃষ্টিকর্তা আল্লাতায়ালার নৈকট্য লাভের প্রত্যাশার পর ধর্মীয় ভাবগম্ভীর পরিবেশে রোববার নিউইয়র্ক সহ উত্তর আমেরিকায় উদযাপিত হলো পবিত্র ঈদুল ফিতর। মেঘলা আবহাওয়া আর ঠান্ডা উপক্ষো করে ধর্মপ্রাণ মুসলিম কমিউনিটির শিশু-কিশোর সহ বয়োবৃদ্ধরাও রং বে রং এর নতুন পোশাক পড়ে সপরিবারে বিভিন্ন ঈদের জামাতগুলোতে অংশ নেন। অর্ধ শতাধিক মসজিদ আর ইসলামিক সেন্টার ছাড়াও খোলা মাঠে একাধিক ঈদের জামাত অনুষ্ঠিত হয়। এসব জামাতে দেশ-জাতি ও মুসলিম উম্মাহর সুখ-শান্তি ও সমৃদ্ধি কামনা করে বিশেষ দোয়া করা হয়।

নিউইয়র্কে সর্ববৃহৎ ঈদের জামাত অনুষ্ঠিত হয় জ্যামাইকা মুসলিম সেন্টার (জেএমসি'র) উদ্যোগে স্থানীয় টমাস এডিসন হাইস্কুল মাঠে। এই জামাতে নিউইয়র্কে বাংলাদেশের কনসাল জেনালের মোহাম্মদ নাজমুল হুদা সহ হাজার হাজার শিশু-কিশোর-কিশোরী, নর-নারী এবং বয়োবৃদ্ধরাও অংশ নেন। এতে ইমামতি করেন জেএমসি'র ইমাম ও খতিব মির্জা আবু জাফর বেগ। ঈদের জামাতের আগে মূলধারার রাজনীতিক ও অফিসিয়ালদের মধ্যে ষ্টেট সিনেটর জন সি ল্যু, ষ্টেট অ্যাসেম্বলীম্যান ডেভিড ওয়েপ্রীন, বাংলাদেশী-আমেরিকান জাজ সোমা-সাঈদ, জেএমসি'র কর্মকর্তারা শুভেচ্ছা বক্তব্য রাখেন। নামাজ শেষে মুসল্লিরা একে অপরের সাথে কোলাকুলি করে ঈদের শুভেচ্ছা বিনিময় করেন।

মুনা সেন্টার অব আমেরিকার উদ্যোগে ওজনপার্কের ৮০-৫০ পিটকিন এভিনিউস্থ নিজস্ব ভবনে ঈদের একটি জামাত অনুষ্ঠিত হয়। এতে ইমামতি করেন মওলানা আবু উবায়দা। দুই হাজারোধিক নর-নারী এতে ঈদের নামাজ আদায় করেন। নামাজের আগে ব্রুকলীন ডিষ্ট্রিক্ট এটর্নী এরিক গাঙ্গালা শুভেচ্ছা বক্তব্য রাখেন।

নিউইয়র্কের হাজী ক্যাম্প মসজিদ হিসেবে পরিচিত জ্যামাইকার মসজিদ মিশন সেন্টারের উদ্যোগে মসজিদ ভবনে তিনটি ঈদের জামাত অনুষ্ঠিত হয় যথাক্রমে সকাল ৭টা, ৮টা ও ৯টায়। এতে শত শত নর-নারী পরিবার-পরিজন নিয়ে ঈদের নামাজ আদায় করেন।

এস্টোরিয়ার আল আমীন জামে মসজিদ ও ইসলামিক সেন্টারের উদ্যোগে মসজিদ সংলগ্ন ৩৬ স্ট্রীটের উপর খোলা রাস্তায় ঈদের একটি জামাত অনুষ্ঠিত হয় সকাল সাড়ে ৮টায়। এতে ইমামতি করেন মওলানা মওলানা লুৎফফর রহমান চৌধুরী। ঈদ জামাতের আগে উপস্থিত মুসল্লিদের উদ্দেশ্যে শুভেচ্ছা বক্তব্য রাখেন মসজিদ কমিটির সভাপতি শাহাব উদ্দিন ও সেক্রেটারী আমীর হোসেন। এই জামাতেও শত শত নর-নারী জামাতে অংশ নেন। এদিকে নিউজার্সীর ষ্টেটের প্যাটারসন মসজিদ আল-ফেরদৌসের আয়োজনে স্থানীয় পাবলিক স্কুল ৫এর পারকিং লটে খোলা মাঠে ঈদের বিশাল ঈদ জামাত অনুষ্ঠিত হয়। জামাতে ইমামতি করেন মসজিদের খতিব হাফেজ মাওলানা আব্দুল কুদ্দুছ মঞ্জলালী। ঈদ জামাতের আগে প্যাটারসন সিটি মেয়র এন্দ্রে সায়া ছাড়াও শুভেচ্ছা বক্তব্য রাখেন মসজিদ পরিচালনা কমিটির সভাপতি বীর মুক্তিযোদ্ধা শামছুল আলম খান ও সাবেক সভাপতি সৈয়দ জুবায়ের আলী প্রমুখ।

এছাড়াও উল্লেখযোগ্য মসজিদ ও ইসলামিক সেন্টারগুলোর মধ্যে নিউইয়র্ক সিটির জ্যামাইকার আল আলাফা ইমলামিক সেন্টার ও আমেরিকা মুসলিম সেন্টার, ম্যানহাটানের মদিনা মসজিদ, ব্রুকলীনের বাংলাদেশ মুসলিম সেন্টার ও বায়তুল জান্নাহ জামে মসজিদ এন্ড ইসলামিক সেন্টার, ব্রঙ্কসের পার্কচেষ্টার জামে মসজিদ ও বাংলা বাজার জামে মসজিদ, জ্যাকসন হাইটসের ঈদ গাঁহ সহ সিটির অর্ধ শতাধিক স্থানে ঈদের জামাত অনুষ্ঠিত হয়। অপরদিকে ওয়াশিংটন ডিসিসহ বাংলাদেশী অধ্যুষিত যুক্তরাষ্ট্রের নিউজার্সী, কানেকটিকাট, ম্যারিল্যান্ড, পেনসেলভেনিয়া, ভার্জেনিয়া, ওয়াহিও, ফ্লোরিডা, নর্থ ক্যারোরিনা, সাউথ ক্যারোলিনা, জর্জিয়া, মিশিগান, ক্যালিফোর্নিয়া, টেক্সস, অ্যারিজোনা প্রভৃতি স্টেটে ধর্মীয় ভাবগম্ভীর পরিবেশে রোববার পবিত্র ঈদুল ফিতর উদযাপিত হওয়ার খবর পাওয়া গেছে।

বাংলাদেশিসহ লাখো বিদেশির স্বপ্ন ধূলিসাতের উপক্রম

প্রথম পৃষ্ঠার পর

তাই সাবেক প্রেসিডেন্ট বাইডেনের আমলে বেআইনিভাবে যুক্তরাষ্ট্রে ঢুকে পড়া অনেক সন্ত্রাসী, খুনি, দাগি আসামি ও মাদক পাচারকারী আমাদের সমাজে মারাত্মক হুমকি সৃষ্টি করেছেন। এসব অবৈধ অভিবাসীর অনেকে ইতোমধ্যে নিরীহ মানুষকে হত্যা করেছেন। চুরি-ছিনতাই-রাহাজানিতেও জড়িত থাকার অভিযোগে অনেকে গ্রেপ্তার হয়েছেন।

এমন যুক্তি অবান্তর হিসেবে অভিহিত করে ন্যাশনাল ইমিগ্রেশন জাস্টিস সেন্টারের পরিচালক আজাদেহ ইরফানি বলেছেন, সব অভিবাসীকে জাতীয় নিরাপত্তার জন্য মারাত্মক হুমকি হিসেবে চিহ্নিত করে ট্রাম্প প্রশাসন ভুল পথে পরিচালিত হচ্ছে, যা যুক্তরাষ্ট্রের নীতি-নৈতিকতার পরিপন্থি।

এর ফলে রাজনৈতিক আশ্রয়প্রার্থীদের স্বাভাবিক অপেক্ষার সময় ৮ থেকে ১০ মাসের চেয়ে অনেক বাড়বে। এভাবে তারা ট্রাম্পের অভিবাসনবিরোধী অভিযানের শিকারও হতে পারেন। যদিও ট্রাম্প অঙ্গীকার করেছেন, কেবল গুরুতর অপরাধী অবৈধ অভিবাসীরা তাঁর টার্গেট। কিন্তু ইতোমধ্যে অনেক গ্রিনকার্ডধারী এবং ভিসাধারীকেও গ্রেপ্তারের পর বহিষ্কার করা হয়েছে।

গাজায় আগ্রাসনের নিন্দা ও প্রতিবাদ সমাবেশে নেতৃত্ব দেওয়ায় গ্রিনকার্ডধারী ছাত্রীসহ ভিসাধারী শিক্ষার্থীদের গ্রেপ্তার ছাড়াও ইতোমধ্যে ৩ শতাধিক ইন্টারন্যাশনাল স্টুডেন্টের ভিসা বাতিলের তথ্য জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিয়ো।

এদিকে, সর্বশেষ তথ্যানুযায়ী ২০২৩ সালের অক্টোবর থেকে ২০২৪ সালের সেপ্টেম্বর পর্যন্ত এক বছরে অর্থাৎ বাইডেনের শেষ সময়ে ৭৬ হাজার ৮০০ বিদেশি রাজনৈতিক আশ্রয় প্রার্থনা করেছেন। একই সময়ে রিফিউজি হিসেবে গ্রিনকার্ডের আবেদন করেছেন ৪০ হাজার বিদেশি। এগুলো শুনানির অপেক্ষায় ছিল। এখন তা অনির্দিষ্টকালের জন্য ঝুলে গেল।

এর আগের পেন্ডিং লাখ লাখ আবেদনের ভাগ্যও অনিশ্চিত হয়ে পড়ল বলে ইউএস ইমিগ্রেশন অ্যান্ড সিটিজেনশিপ সার্ভিসের কর্মকর্তারা ২৮ মার্চ এ সংবাদদাতাকে জানিয়েছেন। এর মধ্যে উল্লেখযোগ্যসংখ্যক বাংলাদেশিও আছেন যারা বিএনপি, যুবদল, ছাত্রদল অথবা এলডিপির কর্মী-সংগঠক হিসেবে রাজনৈতিক আশ্রয় চেয়েছেন।

এ ছাড়া জুলাই-আগস্টের ছাত্র-জনতার অভ্যুত্থানে শেখ হাসিনা সরকারের পতনের পর আওয়ামী ঘরানার অনেক নেতা-কর্মীও রাজনৈতিক আশ্রয় প্রার্থনা করেছেন। তাদের ভাগ্যও অনিশ্চিত হয়ে পড়ার আশঙ্কা তৈরি হয়েছে বলে অ্যাটর্নিরা উল্লেখ করেছেন। যদিও ট্রাম্পের এসব আদেশ অমানবিক হিসেবে অভিহিত করে মানবাধিকার ও অভিবাসনদের অধিকার-মর্যাদা নিয়ে কর্মরত সংগঠনের পক্ষ থেকে আইনি লড়াইয়ের প্রস্তুতি চলছে বলে সর্বশেষ সংবাদে জানা গেছে। এদিকে ইউএসসিআইএস সূত্রে জানা গেছে, গ্রিনকার্ডধারীদেরও গ্রেপ্তারের পর বহিষ্কারের ঝুঁকি ক্রমান্বয়ে বৃদ্ধি পাওয়ায় সিটিজেনশিপের আবেদনের হার উল্লেখযোগ্যভাবে বেড়েছে। বিশেষ করে ডোনাল্ড ট্রাম্প প্রশাসন বিদ্যমান সব রীতি উপেক্ষা করে এহেন বহিষ্কারের পন্থা অবলম্বন করায় গ্রিনকার্ডধারীদের মধ্যে সিটিজেনশিপের আবেদনের হিড়িক পড়েছে।

জানা গেছে, বর্তমানে যুক্তরাষ্ট্রে গ্রিনকার্ডধারীর সংখ্যা ১ কোটি ৩০ লাখের বেশি। আর গ্রিনকার্ড পাওয়ার অর্থই হচ্ছে যুক্তরাষ্ট্রে স্থায়ীভাবে বসবাস ও কাজের আইনগত অধিকার পাওয়া। গ্রিনকার্ডধারীকেও যুক্তরাষ্ট্র থেকে বহিষ্কারের বিধি আছে যদি তারা গুরুতর কোনো অপরাধে দি ত হন, তাহলে সেই দি ত ব্যক্তির গ্রিনকার্ড কেড়ে নেওয়া হয়। এবং কেড়ে নেওয়ার নির্দেশটি জারি করেন একজন ইমিগ্রেশন জজ।

একইভাবে গুরুতর কোনো অপরাধে লিপ্ত ন্যাচারালাইজড সিটিজেনের সিটিজেনশিপও বাতিলের বিধি রয়েছে, তবে সেটি খুব কম সময়ই ঘটে থাকে। কিন্তু ট্রাম্প প্রশাসনের কর্মকর্তারা শিক্ষাঙ্গনে ইসরায়েলবিরোধী বিক্ষোভকারীদেরও টার্গেট করেছেন, যা নিয়ে তুমুল বিতর্ক চললেও ধরপাকড় এবং ভিসা বাতিলের উদ্যোগ থেকে বিন্দুমাত্র পিছপা হয়নি ইমিগ্রেশন বিভাগ।

সরকারি সূত্রে প্রাপ্ত তথ্যানুযায়ী, বর্তমানে গ্রিনকার্ডধারী ১৩ মিলিয়ন অভিবাসীর মধ্যে অন্তত ১০.৮ মিলিয়ন তথা ১ কোটি ৮ লাখের মতোই সিটিজেনশিপের আবেদনের যোগ্য। এর মধ্যে সবচেয়ে বেশি বাস করছে আরিজোনা স্টেটে, ১ লাখ ৯৩ হাজার।

ওজনপার্ক ও ব্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইনে পপুলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে কজওয়ে এভিনিউর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)


আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট

- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.


Operate by JH office)
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
২টি লেসন একত্রে
OPEN 7 DAYS
Please
Scan & Visit us!
(Operate by JH office)

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।
প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান
বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন: ৯১৭-৩০১-২০৬৩
যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান
আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই
Website. www.populardrivingschoolny.com
POPULAR DRIVING SCHOOL INC.
Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453
Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Crow St & Forbell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.
আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)



- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি
❑ সিটিজেনশীপ ❑ ফ্যামিলি পিটিশন ❑ NVC Case প্রসেসিং
❑ স্ট্যাটাস এডজাস্টমেন্ট ❑ এফিডেভিট অব সাপোর্ট
❑ এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
❑ Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১৩ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ আছেন। আপনাদের মঙ্গলকর জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যেকোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

ট্রাম্প প্রশাসনের ঘোষণা :-

ট্রাম্প প্রশাসনের পক্ষ থেকে ঘোষণা করা হয়েছে যে কানাডার নাগরিকরা ইউএসএ ৩০ দিনের অধিক অবস্থান করলে তাদের ইমিগ্রেশন কর্তৃপক্ষের কাছে নাম রেজিস্টার করতে হবে আইনটি বলবৎ হওয়ার পর কানাডিও পরিদর্শকদের ব্যাকগ্রাউন্ড চেক করার জন্য তাদের বায়োগ্রাফি তথ্য এবং ফিঙ্গারপ্রিন্ট দাখিল করতে হবে নেশনালিটি আইন অনুযায়ী ১৪ বছরের বা তদূর্ধ্ব বয়সী নাগরিকদের ইউ এস গভর্নমেন্ট রেজিস্টার করতে এবং ফিঙ্গারপ্রিন্ট জমা দিতে হবে যদি তারা ৩০ দিনের অধিক অবস্থান করেন। আইনটি বহু বছর ধরে থাকলেও, কানাডিয়ান নাগরিক যারা স্থল সীমানা দিয়ে ইউ এস এ প্রবেশ করত তাদের ক্ষেত্রে সব সময় প্রয়োগ করা হতো না। নতুনভাবে কার্যকর হওয়ায় এক মাসের অধিক কানাডার নাগরিকরা অবস্থান করলে তাদের ইউ এস এর সিটিজেনশিপ এট ইমিগ্রেশন সার্ভিসেস ইউএসবিআইএস তে একটি একাউন্ট খুলতে হবে এবং ফিঙ্গারপ্রিন্ট এর জন্য একটি সাক্ষাৎকারের সময় নিতে হবে এসব করতে যারা ব্যর্থ হবে তাদের জরিমানা গুনতে হবে গ্রীন কার্ড ধারীরা এবং যারা ভিসা নিয়ে আসবে তাদের ক্ষেত্রে শাস্তি বলতে হবে না তবে যেসব কানাডিও এই আইন মানবে না তাদের জরিমানার সম্মুখীন হতে হবে যদিও এক্ষেত্রে আইন বলবৎ এর ব্যাপারে এখনো অসম্পূর্ণতা রয়েছে। হোমল্যান্ড সিকিউরিটি বিভাগ এখনো কোন মন্তব্য করেনি বা কিভাবে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন হবে সে বিষয়ে বিস্তারিত জানা যায় নাই।

রিয়েল বা প্রকৃত আইডি:-

রিয়েল আইডি অ্যাক্ট একটি ফেডারেল আইন আইনটি স্টেট ইস্যু করা আইডি বা ড্রাইভার্স লাইসেন্স এবং আইডেন্টিফিকেশন কার্ড প্রতিষ্ঠিত হয় কঠোর নিরাপত্তা মান বজায় রাখার লক্ষ্যে মে ৭ ২০২৫ সাল থেকে প্রত্যেক ইউএস ট্রাভেলর যাদের বয়স ১৮ বা তদুর্ধদের জন্য একটি সমতুল্য লাইসেন্স বা অন্য গ্রহণযোগ্য পরিচয় পত্র যেমন পাসপোর্ট ডোমেস্টিক ফ্লাইটে চলার জন্য এবং কতিপয় ফেডারেল স্থাপনায় প্রবেশের জন্য প্রয়োজন হয়।

রিয়েল বা প্রকৃত আইডি কি?

রিয়েল আইডি হচ্ছে সিকিউরিটি এনহান্স ড্রাইভারস লাইসেন্স বা তেমন আইডেন্টিফিকেশন কার্ড যা হোমল্যান্ড সিকিউরিটি ডিপার্টমেন্ট ডিএইচএস প্রণীত ফেডারেল মান মেটাবে কংগ্রেস ৯১১ এরপর নিরাপত্তা জোরদার করার লক্ষ্যে ২০০৫ সালে রিয়েল আইডি এক পাস করে আইনটি কিছু নির্দিষ্ট পরিচয় নিশ্চিত করতে ইস্যু করা হয়।

রিয়েল আইডি কখন কার্যকর হয়?

রিয়েল আইডির সময়সীমা বৃদ্ধি করা হয়েছে অনেকবার মানে এর মেয়াদ মেয়ে ৭ ২০২৫ পর্যন্ত বাড়ানো হয়েছে এই তারিখের পর ইউএসএ বসবাসকারীদের এই রিয়াল কার্ড এর সঙ্গে এর সমমান সম্পন্ন অন্য কোন ফেডারেল অনুমোদিত কার্ড প্রয়োজন হবে ইউএস এর মধ্যে ডোমেস্টিক কোন ফ্লাইটে ভ্রমণের জন্য ফেডারেল ভবন এবং সামরিক ঘাঁটিতে ঢুকতে হলে।

রিয়েল আইডি পাওয়ার উপায়:-

রিয়েল আইডি প্রত্যেক স্টেট এর মটর ভেহিকেল ডিপার্টমেন্ট (ডিএমভিএস) ইস্যু করে থাকে এই আইডির জন্য সশরীরে স্থানীয় ডিএমভি অফিসে যেতে হবে এবং নিম্নে বর্ণিত প্রমাণাদি দাখিল করতে হবে।

১. পরিচয়ের প্রমাণ প্রুফ অব আইডি একটি বৈধ পাসপোর্ট জন্ম সনদ (বার্থ সার্টিফিকেট) বা পার্মানেন্ট রেসিডেন্ট কার্ড (গ্রীন কার্ড)।
২. সোশ্যাল সিকিউরিটি নম্বরের প্রমাণপত্র সোশ্যাল সিকিউরিটি কার্ড, ডব্লিউ ২ অথবা পে স্টাব যেখানে থাকবে সম্পূর্ণ এস এস এন।
৩. স্টেট রেসিডেন্সির প্রমাণ: ইউটিলিটি ভাড়ার চুক্তি বা ব্যাংক স্টেটমেন্ট যাতে থাকে আপনার বর্তমান ঠিকানা।
৪. নাম পরিবর্তনের প্রমাণপত্র(প্রযোজ্য হলে): বৈবাহিক সনদ ম্যারেজ সার্টিফিকেট তালাকনামা বা কোর্টের আদেশ যদি আপনার বর্তমান নাম জন্ম সনদের নাম হ্যাক হয়।



প্রত্যেক স্টেট এর নিয়ম কানুন:-

কোন কোন ক্ষেত্রে সামান্য পার্থক্য হতে পারে এক্ষেত্রে আপনি আপনার স্টেটের ডিএমবির ওয়েবসাইট চেক করে নেবেন আবেদন করার পূর্বে।

আপনার কি রিয়াল আইডি দরকার?

রিয়েল আইডি কারো জন্য বাধ্যতামূলক নয় আপনি যদি রিয়াল আইডি না চান তবে সে ক্ষেত্রে আপনার ফেডারেলের গ্রহণযোগ্য পরিচয় পত্র যেমন–

* বৈধ (us passport) ইউএস পাসপোর্ট কার্ড।
* ইউএস মিলিটারি কার্ড।
* ড এইচ এস ট্রাস্টেড ট্রাভেলার কার্ড। (যেমন গ্লোবাল এন্ট্রি নেক্সাস বা এন্ট্রি)।

যদি আপনি প্রায়শ দেশের ভেতর ভ্রমণ করেন এবং যদি ভ্রমণের জন্য পার্মানেন্ট সরি পাসপোর্ট সঙ্গে নিতে না চান সে ক্ষেত্রে রিয়াল আইডি অনেক স্বস্তিদায়ক।

সর্বশেষ তথ্য জানতে ডি এ ই এস এর রিয়েল আইডি ওয়েবসাইটে দেখুন।

এপ্রিল ২০২৫ ভিসা বুলেটিন:

ইউএস স্টেট ডিপার্টমেন্ট ডিওএস এপ্রিল ২০২৫ এর ভিসা প্রকাশ করেছে নিম্নে এপ্রিল ২০২৫ এর পারিবারিক ভিত্তিতে ভিসার প্রাপ্যতা উল্লেখ করা হলো।

উল্লেখ্য যে, 'ফাইনাল অ্যাকশন ডেট' বলতে সেই তারিখকে বোঝায় যখন ইউএস সি আই এস/ ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করে। এতে করে আপনাদের প্রায়োরিটি তারিখ হবে এই তারিখের পূর্বে।

এপ্রিল ২০২৫ ভিসা সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে পরিবার ভিত্তিক ভিসা ক্যাটাগরিতে তেমন কোন অগ্রগতি নেই। অর্থাৎ খুব সামান্য অগ্রগতি হয়েছে।

ফ্যামিলি স্পন্সর প্রেফারেন্সেস:

প্রথম: (এক ১) ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র কন্যা: মার্চ ১৫, ২০১৬।

দ্বিতীয়: পার্মানান্ট রেসিডেন্সদের স্পাউস (স্বামী/স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্র কন্যা।

এ.(এফ ২) : পার্মানান্ট রেসিডেন্সদের স্পাউস (স্বামী/স্ত্রী), এবং ২১ নিম্ন বয়সের সন্তান, জানুয়ারি ০১, ২০২২।

বি. (এফ ২বি): পার্মানান্ট রেসিডেন্সদের অবিবাহিত সন্তান (২১ বছর বা তদুর্ধ বয়সি) মে ২২, ২০১৬।

তৃতীয়: (এফএ) ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র কন্যা, এপ্রিল ১ ২০১১।

চতুর্থ: (এফ ৪) প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই বোন, আগষ্ট ০১, ২০০৭।

চাকরিভিত্তিক ভিসার প্রাপ্যতা জানতে ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেট এর ওয়েবসাইট ভিজিট করুন।

ইমিগ্রেশন বিষয়ে আমাদের পরামর্শ হচ্ছে যেকোনো চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ এটর্নির সাথে পরামর্শ করা ভালো।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।
ফোন: **২১২-৫১৩-৭৪৭৪**
ফ্যাক্স: **৯১৪-৪৬২-৩৯৯০**
ই-মেইল:
kazmiandreeves@gmail.com

এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.



বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন
রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange App.
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DFI NJ, DFS MI, OBF GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1888780

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432
Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462
FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist
আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন।
আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

GLOBAL MULTI SERVICES, INC



তারেক হাসান খান, সিইও

অভিজ্ঞ ট্যাক্স প্রিপারেটরের মাধ্যমে
ট্যাক্স এনালাইসিস ও ফাইলিং করা হয়

- INCOME TAX
- IMMIGRATION
- ACCOUNTING
- TAX AUDIT
- BUSINESS SETUP
- TRAVELS



AUTHORIZED IRS e-file PROVIDER

37-18, 74th Street, Suite#202, Jackson Heights, NY 11372
Ph: (718) 205-2360, Fax: (718) 799-5864, Email: globalmsinc@yahoo.com

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে

প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.

PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.



নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে



আমরা বাংলায় কথা বলি

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ **(347) 851-2688**

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনাদের সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

SEEMA GULIANI, ESQ / ATTORNY AT LAW

LAW OFFICE OF SEEMA GULIANI

BY APPOINTMENT ONLY

☎ 212-691-4343

Em@il *seemagulianiesq@gmail.com*

198-42 FOOTHILL AVE. HOLLIS NY. 11423

WE SPECIALIZE IN

- VAWA
- ASYLUM
- NVC PROCESS
- NATURALIZATION
- TOURIST VISAS (B1/B2)
- RELIGIOUS WORKER
- UNCONTESTED DIVORCES
- FAMILY BASED PETITIONS
- FIANCE/MARRAIGE VISAS
- LEGAL PERMANENT RESIDENCY
- EMPLOYMENT BASED VISAS

(H-1B. PERM, I-140. EB1, EB2, EB3



প্রবাসী নরসিংদী ডিস্ট্রিক্ট সোসাইটি'র ইফতার মাহফিল

শেষ পৃষ্ঠায় পর মোরশেদ আলম, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির প্রধান উপদেষ্টা এবিএম উসমান গনি, উপদেষ্টা ছদরুন নূর, নরসিংদী জেলা সমিতি'র উপদেষ্টা ইঞ্জিনিয়ার এহসানুল হক, সমিতির সাবেক উপদেষ্টা মোশাররফ হোসেন আঙ্গুর, জ্যামাইকা থিয়েটারের উপদেষ্টা ফারুক আহমেদ ও সংগীতশিল্পী তাসকিন আহমেদ।

ইফতার মাহফিলের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত ও দোয়া পরিচালনা করেন সংগঠনের সাধারণ সম্পাদক মোহাম্মদ আমিনুল হক। স্বাগত বক্তব্য রাখেন সংগঠনের সভাপতি জয়নাল আবেদীন ভূঁইয়া তার বক্তবে সংগঠনের বিভিন্ন কার্যক্রম ও ভবিষ্যৎ পরিকল্পনার কথা তুলে ধরেন। তিনি বলেন, প্রবাসী নরসিংদী ডিস্ট্রিক্ট সোসাইটি একটি অরাজনৈতিক ও মানবিক সংগঠন, যা প্রবাসীদের কল্যাণে নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

প্রধান অতিথি মেজবাহ উদ্দিন ভূঁইয়া বলেন, প্রবাসী সমাজের কল্যাণে কাজ করা একটি মহৎ দায়িত্ব, এবং এই সংগঠন তা নিষ্ঠার সঙ্গে পালন করছে। ভবিষ্যতেও এটি প্রবাসীদের জন্য কাজ করে যাবে। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন নুরুজ্জামান আলী (সিনিয়র সহ-সভাপতি), মুসফিকুজ্জামান ঝন্টু (যুগ্ম সাধারণ সম্পাদক) সহ অনেকে।

দোয়া মাহফিলে দেশ ও জাতির কল্যাণ কামনা এবং প্রবাসীদের মঙ্গল কামনায় বিশেষ মোনাজাত করা হয়। শেষে সকল অতিথিদের সম্মানে ইফতারের আয়োজন করা হয়। আয়োজন সফলভাবে সম্পন্ন করার জন্য সংগঠনের পক্ষ থেকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন সভাপতি জয়নাল আবেদীন ভূঁইয়া ও সাধারণ সম্পাদক মোহাম্মদ আমিনুল হক।

মাহফিলে সংগঠনের প্রধান পৃষ্ঠপোষক আবুছাইন আক্তার বাবুল এবং পরিচালক জিয়াউর রহমান জিয়া সহ সংগঠনের অন্যান্য নেতৃবৃন্দ ও কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

স্বৈরাচার সবচেয়ে বড়

শেষ পৃষ্ঠার পর এনে ঠেকিয়েছিলেন। স্বাধীনতা সার্বভৌমত্ব আর এক দেশের হাতে তোলা। গনতন্ত্র নির্বাসিত, নির্বাচনী ব্যবস্থাকে করেছিলেন পুরোপুরি ধ্বংশ। ঘুষ দূর্নীতি হয়েছিলো জাতীয় নীতি। দলের ও নিজের লোকদেরকে ব্যংক লুট শেয়ারবাজার লুট পাবলিকের টাকা আত্মসাতের ওজিএল বা ওপেন জেনারেল লাইসেন্স দিয়ে রেখেছিলেন। চাঁদাবাজী মাস্তানী দখল তোলা তদবিরবানিজ্য কমিশনবানিজ্যর পৃষ্ঠপোষকতা করে দেশে নীতিহীনতার এক ভয়াবহ সংস্কৃতি চালু করেছিলেন। সবচেয়ে বড় যে ক্ষতিটা করে গেছেন- মানুষের সুকোমল বৃত্তি বিবেকবোধ নীতি-নৈতিকতা ঔচিত্যবোধ সভ্যতা ভব্যতা শিক্ষা সুষ্ঠু চিন্তাচেতনার কবর দেওয়া। 'আমিত্ব' আর 'এখনই' হয়ে উঠেছিল জাতীয় চেতনা। সবার ওপরে আমি। সবকিছু আমার জন্য। আমাকেই তা অর্জন করতে হবে। দ্বিতীয়ত: যা কিছু নেওয়া বা পাওয়ার এখনই নিয়ে নিতে হবে। যেভাবেই হোক। এ এক ভয়ংকর মানসিকতা।

এই সর্বনাশা মানসিকতা নিয়ে বেড়ে উঠছে এক নতুন প্রজন্ম। ২৫ থেকে ৩০ বছর বয়সী তরুন যুবকরা যেন এক ধরনের ট্রমায় আচ্ছন্ন। কি বলছে কি করবে যেন নিজেরাই জানে না। শিক্ষা ব্যবস্থা ধ্বংশ। প্রকৃত জ্ঞানদানের পরিবর্তে 'জিপিএ পাইব' আর সার্টিফিকেট অর্জনের প্রতিযোগীতা। টিকতে না পেরে ছিটকে পড়ছে বিপুল সংখ্যক শিক্ষার্থী। যারা টিকে থাকে, বা মেধাবীদের এক বিরাট অংশ বিদেশে পাড়ি জমাচ্ছে। মেধাশুণ্য হয়ে যাচ্ছে জাতি। কর্মক্ষেত্রে যারা প্রতিযোগীতামূলক পরীক্ষায় উত্তীর্ণ হয়ে সরকারি বিভিন্ন পদপদবীতে বসছে, পরের দিন থেকে নেমে পড়ছে টাকা কামানোর মিশনে। এক সর্বগ্রাসী নেশা। টাইম ইজ মানি। প্রতিটা সেকেন্ডকে তারা পকেট ভরার কাজে ব্যয় করে। কি প্রশাসন কি আনসার-পুলিশ কি বিচারালয়ে। সর্বত্র একই চিত্র। অসততা আর অসাধুতা জাতীয় বৈশিষ্ট।

শেখ হাসিনা পালিয়েছে, কিন্তু এখনও তার রেখে যাওয়া সিস্টেম পুরোদমে ক্রিয়াশীল। এটাই হচ্ছে কায়েমী স্বার্থ। বর্তমান সরকার সংস্কার করতে চাইছে, কিন্তু এখানে এসে চুপ। এই সরকার কেন সামনের কোন সরকারের পক্ষে কায়েমী স্বার্থের এই চেইন ভেঙ্গে দেওয়া সম্ভব হবে বলে আমার মনে হয় না। সমাজের রন্ধ্রে রন্ধ্রে ঢুকে গেছে দূর্নীতি। মানুষের মনমানসিকতাই বদলে গেছে। ধৈর্য্য বলতে কিছু দেখি না। একটা কিছু বললেই রেগে যায়! কথা বলে চীৎকার করে। সভ্যতা ভব্যতার বালাই নাই। কোন অন্যায় বা ভুল করলে কেউ সরি বলে না, উল্টো জাস্টিফাই করার জন্য তর্ক করে, ঝগড়া এমনকি মারামারিতে জড়ায়। উপকারের জন্য কেউ থ্যাংক ইউ ধন্যবাদ বলে না। টাকা ধার নিয়ে ফেরত দেয় না। ফেরত চাইলে সম্পর্ক নষ্ট হয়। স্বার্থের ব্যপার না থাকলে কল ধরে না। মিসকল দেখে কলব্যাক করে না। পরে কল দিচ্ছি বলে ভুলে যায়। কথা দিয়ে কথা রাখে না। কোন কাজে টাইম মেইনটেইন করতে পারে না। ধৈর্য নাই স্থিরতা নাই। সবকিছু গায়ের জোরে করে ফেলতে হবে। মব দিয়ে সব আদায় করে নিতে হবে। কথায় কথায় মানি না মানতে হবে। ঢাকার মেট্রোরেলে যারা ওঠে মোটামুটি লেখাপড়াজানা বা পোষাকআষাকে সভ্য ধরা যায়। ট্রেনে ওঠার জন্য যে কান্ডটা ঘটায়, তখনই আসল রূপ বের হয়ে পড়ে। লাইনের বালাই নাই আগে নামতে দেওয়ার ধৈর্য নাই। ঠেলে ধাক্কিয়ে যেভাবে এই আধুনিক বাহনটিতে মানুষ ওঠানামা করে তাতেই বোঝা যায় কতটা সভ্য ও সুশীল এ জাতি।

দীর্ঘ স্বৈরশাষন মানুষের মন মানসিকতার এই সর্বনাশটা করে দিয়ে গেছে। তরুন যুবকদের একটা বড় অংশের মধ্যে যেভাবেই হোক অল্প সময়ে টাকা গাড়ী বাড়ী বিত্তবৈভব গড়ে তোলার লিপ্সা। ছাত্র লীগ যুব লীগ অনেকের আদর্শ। জ্ঞান বুদ্ধি হওয়ার পর থেকে দেখে এসেছে নীতিহীনতা সুবিধাবাদীতার মচ্ছব। রাজনীতি বলতে বোঝে টাকা কামানোর ধান্ধা। গত আমলের ছাত্রলীগ যুবলীগের তান্ডব লুটপাট চাঁদাবাজী দখল মাস্তানী দেখে দেখে বড় হয়েছে। চোখের সামনে আঙুল ফুলে কলাগাছ ফকিন্নির পুত থেকে রাজপুত বনে যাওয়াদের দেখে বাড়ন্ত বয়স বা উঠতি মনে তার প্রভাব পড়াটাই স্বাভাবিক। এইযে নতুন দলের ছেলেটা প্লেন থেকে নেমে দেড় শ' গাড়ীর মিছিল নিয়ে এলাকায় শো ডাউন করে এলো, জ্ঞানবুদ্ধি হওয়ার পর থেকে সে এভাবেই দেখে এসেছে। সরকারি পৃষ্ঠপোষকতায় দল, সরকারি দলেরই মর্যাদা। এই ছেলে দেখে এসেছে সরকারি দলের নেতারা এভাবেই শো ডাউন করে। সে তার মানসিকতা শিক্ষা চিন্তাচেতনা থেকে এ কাজটা করেছে। এর জন্য তার ভেতরে কোন অপরাধবোধ নাই, অনুশোচনা নাই। সে মনে করে এটাই রীতি। সরকারি দলের নেতাদেরকে এভাবেই চলাফেরা করতে হয়। কোটী টাকা খরচ করে বিলাশবহুল হোটেলে ইফতার পার্টি, তারা এটাকে স্বাভাবিক মনে করেছে। দেখে এসেছে সরকারি দল এইই করে। এরা মনে করে সরকারি দলের অনুষ্ঠান ফাইভ স্টার হোটেলেই হতে হয়। সরকারি দলের আত্মপ্রকাশ মানিক মিয়া এভিনিউর মত জায়গায় বিশাল শোদডাউনের মাধ্যমেই করতে হয়। একে রাজনীতি করতে দেওয়া হবে না ওকে খেয়ে দিতে হবে, ধর মার কাট, হম্বিতম্বি হুমকী- জ্ঞানবুদ্ধি হওয়ার পর থেকে রাজনীতির নামে এসবই দেখে দেখে মনে করে এটাই রাজনীতি। রাতারাতি প্রচুর অর্থবিত্তের মালিক হয়ে যেতে হবে। আর সে জন্য সরকারি দলের খাতায় নাম তুলতে হবে। যেভাবেই হোক। সে কারনেই সারা দেশে তরুন যুবকদের একটি অংশ আজ হুমড়ী খেয়ে পড়েছে।

শেখ হাসিনা সবচেয়ে বড় যে সর্বনাশটা করে দিয়ে গেছেন- জাতির ভবিষ্যৎ বা তরুন যুবকদের একটা বড় অংশকে নষ্ট করে দিয়ে গেছেন। সভ্যতা-ভব্যতা উচিত অনুচিত নীতি-নৈতিকতা সুস্থ চিন্তাচেতনার বিষয়ে অনুভুতিহীন করে দিয়ে গেছেন। অস্থির এক যুবসমাজ নিয়ে আমরা এগুচ্ছি কোন এক অনিশ্চিত ভবিষ্যতের দিকে!

২৮ মার্চ, ২০২৫

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী
Moin Choudhury, Esq.
Hon. Democratic District Leader at Large, Queens, NY
মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।
সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইনক.
917-282-9256
Email: moinlaw@gmail.com
Moin Choudhury, Esq
Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(ফোন অফিস ফি নেয়া হয় না)
Immigration
(To Schedule Appointment Only)



Timothy Bompart
Attorney at Law
Call:917-282-9256
E-mail: moinlaw@gmail.com
Moin Choudhury
Attorney at Law
Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076
Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

নিউইয়র্ক মহানগর (উত্তর) বিএনপির উদ্যোগে স্বাধীনতা দিবস পালন

শেষ পৃষ্ঠার পর সংগঠনের সভাপতি জনাব আহবাব চৌধুরী খোকনের সভাপতিত্বে ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আনোয়ার জাহিদদের সঞ্চালনায় ।প্রাধান অতিথি ছিলেন বিএনপির চেয়ারম্যানের সম্মানিত উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা জননেতা আব্দুস সালাম এবং গেষ্ট অফ অনার ছিলেন যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক সাধারণ সম্পাদক, বিএনপি জাতীয় নির্বাহী কমিটির সদস্য জনাব জিল্লুর রহমান জিল্লু ও প্রধান বক্তা ছিলেন যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক কোষাধক্ষ জনাব জসিম ভুঁইয়া ,জাতীয়তাবাদী মুক্তিযোদ্ধা দল কেন্দ্রীয় কমিটির সদস্য মুক্তিযোদ্ধা সুরুজ জামান,নিউ ইয়র্ক স্টেট বিএনপির সভাপতি জনাব ওলিউল্লাহ আতিকুর রহমান ও বরিশাল বিভাগীয় জাতীয়তাবাদী ফোরামের সভাপতি জনাব জাফর তালুকদার। বক্তব্য রাখেন প্রাক্তন যুগ্ম আহবায়ক আব্দুর রহিম, শরিফুল হক খালিশদার , মানিক আহমদ, লিয়াকত আলী, শাহ কামাল উদ্দিন, আনোয়ারুল আলম ভুইয়া, জিয়াউল আহমদ জামিল, আখতার হোসেন নানু, কাওছার আহমদ প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে মুক্তিযোদ্ধা আব্দুস সালাম বলেন বিএনপি হচ্ছে সৎ ও আদর্শবান মানুষের দল আর আওয়ামীলীগ হচ্ছে লুটেরা এবং চুর ডাকাতদের দল।পতিত স্বৈরাচার শেখ হাসিনা বিগত পনেরটা বছর দেশকে লুটে পুটে খেয়েছে । দেশের মানুষ দিনের পর দিন গরীব হলেও আওয়ামীলীগের নেতারা দেশে বিদেশে হাজার হাজার কোঠি টাকার মালিক হয়েছে।তাদের অবৈধ অর্থে বিদেশের মাটিতে গড়ে উটেছে বেগম পাড়া। সাধারণ মানুষের টাকায় কেনা গুলী দিয়ে হাসিনা দুই হাজার নিরাপরাদ ছাত্রকে গুলি করে হত্যা করেছে। দেশের মাটিতে এই গণহত্যার বিচার একদিন হবে। তিনি বর্তমান তত্বাবধায়ক সরকারকে অবিলম্বে নির্বাচনের তারিখ ঘোষনা করে নির্বাচিত সরকারের হাতে ক্ষমতা হস্তাক্ষরের দাবী জানান। উক্ত আলোচনা সভা ও ইফতার মাহফিল দলের বিপুল সংখ্যক নেতাকর্মী উপস্থিত ছিলেন।--- প্রেস বিজ্ঞপ্তি











মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?
Low Income, No Problem
MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS CORP.
Direct Lender
আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি
★ ট্যাক্সী ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট
646-920-4799
আপনাদের সেবাই আমাদের লক্ষ্য
● ব্যক্তিগত পরামর্শ ● ইন্টারেষ্ট রেট কম ● ইনভেষ্টমেন্ট
● ফ্রি এপ্রোভাল ● ফাষ্ট ক্লোজিং ● দ্রুত এবং বিশ্বস্ত
139-27 Queens Blvd, Jamaica, NY 11435
Akib Hussain


Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ন স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[100% Scholarship for Training & Job Placement, Condition applied]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300 OFF
* Minimum $10000 cash purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

ব্রঙ্কসে জমজমাট ‘চাঁদ রাত’ উদযাপন

শেষ পৃষ্ঠায় পর দিন সন্ধ্যায় যখন বাংলা ও হিন্দি গানের তালে তালে আর আতশবাজির শব্দে সবাই যখন ব্যস্ত ঈদের আনন্দ বরণ করার, ঠিক তখনি বাংলাবাজার বিজনেস এসোসিয়েশন নিউইয়র্ক সিটির ব্রঙ্কসের পার্কচেষ্টারে খোলা রাস্তায় ব্যতিক্রমী চাঁদ রাতের অনুষ্ঠান আয়োজন করে। যার শুরু হয় কোরআন থেকে তেলাওয়াত আর ইসলামী গান দিয়ে। অনুষ্ঠানে ডাক্তার আতাউল ওসমানী, ইকবাল এইচ জীবন এবং তাদের টিম ইসলামিক লাইভ মিউজিক পরিবেশনা করে উপস্থিত হাজারো দর্শক-শ্রোতাকে মুগ্ধ করেন। অনুষ্ঠানে নতুন প্রজন্মের শিশু-কিশোররাও ইসলামিক সংগীত পরিবেশন করে। বৈরী আবহাওয়া আর গুড়িগুড়ি বৃষ্টির মাধ্যেও অনুষ্ঠানে মানুষের উপস্থিতি ছিলো চোখে পড়ার মতো। কুরআনের আলোয় নতুন প্রজন্মকে আলোকিত করতে এমন অনুষ্ঠান অগ্রণী ভূমিকা পালন করবে বলে আশাবাদ ব্যক্ত করেন আয়োজকবৃন্দ।

এমন ব্যতিক্রমী অনুষ্ঠানে অংশগ্রহণ করতে পেরে ব্রঙ্কসবাসী বাংলাদেশীরাও আনন্দিত। প্রতিবছরই এ ধরনের অনুষ্ঠান আয়োজন করার কথা জানান বাংলাবাজার বিজনেস এসোসিয়েশনের সভাপতি আব্দুল চৌধুরী জাকির ও সাধারণ সম্পাদক অ্যাওয়ার্ড প্রাপ্ত শেফ মোহাম্মদ খলিলুর রহমান ব্যবসায়ীবৃন্দ।



যুক্তরাষ্ট্রে বিদেশী শিক্ষার্থী ধরপাকড়ে উৎকণ্ঠা

শেষ পৃষ্ঠায় পর হোমল্যান্ড সিকিউরিটি এ অভিযান চালাচ্ছে।

সিএনএন ও এনবিসি নিউজের প্রতিবেদনে বলা হয়েছে, ইউনিভার্সিটি অব আলাবামার ডক্টরেট শিক্ষার্থী ও ইরানের নাগরিক আলী রেজা দোরৌদিকে আইস আটক করে নিয়ে গেছে বলে জানাই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এর আগে ২৫ মার্চ টাফট্স বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও তুর্কির নাগরিক রুমেইসা ওজতুর্ককে গ্রেপ্তার করে তাঁর ভিসা বাতিল করা হয়। শুক্রবার মিনেসোটা ইউনিভার্সিটির এক ছাত্রকে ইমিগ্রেশন এন্ড কাস্টমস এনফোর্সমেন্ট এজেন্টরা গ্রেপ্তার করেছে। এমন গ্রেপ্তারের ঘটনায় অনেক শিক্ষার্থী ইতিমধ্যে প্রতিবাদ ও বিক্ষোভ সমাবেশ করেছেন। বিক্ষোভে শিক্ষার্থীরা দাবি করেছেন, স্বাধীন মত প্রকাশে বাধা দিয়ে বিশ্ববিদ্যালয়ে ভয়ের পরিবেশ সৃষ্টি করা হয়েছে। শিক্ষাপ্রতিষ্ঠানে এমন গ্রেপ্তার অভিযান শিক্ষার্থীদের পড়াশুনায় নেতিবাচক প্রভাব ফেলছে। আন্তর্জাতিক শিক্ষার্থীদের প্রতি এমন আচরণ খুবই উদ্বেগের।

টাফট্স বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও তুর্কির নাগরিক রুমেইসা ওজতুর্ককে ২৫ মার্চ মঙ্গলবার বস্টনের ম্যাসাচুসেটস এর সোমারভিল বাসার সামনে থেকে ‘অতর্কিত’ গ্রেপ্তার করে ফেডারেল এজেন্টরা। স্থানীয় বাসিন্দা মাইকেল ম্যাথিসের ক্যামেরায় আটকের দৃশ্যটি ধরা পড়ে। ম্যাথিস জানান, ‘তারা মুখ ঢেকে আসে। পরে ওজতুর্ককে আটক করে। তারা ‘চিহ্ন’ ছাড়া গাড়িতে করে আসে। এটা অপহরণের মতো মনে হচ্ছিল।’

তার আইনজীবি মাহসা খানবাবাই, ওজতুর্ককে গ্রেপ্তারের কারণ জানতে চেয়ে আদালতে মামলা করেন। এর প্রেক্ষিতে ম্যাসাচুসেটস ডিস্ট্রিক্ট বিচারক ইন্দিরা তালওয়ানি ওজতুর্ককে কেন আটক করা হয়েছে তার জবাব দিতে নির্দেশ দিয়েছেন ট্রাম্প প্রশাসনকে। এবং ৪৮ ঘণ্টার আগে নোটিস ছাড়া ওজতুর্ককে ম্যাসাচুসেটস জেলার বাইরে স্থানান্তর না করারও নির্দেশ দেন।

কিন্তু বুধবার ওজতুর্ককে সাউথ লুসিয়ানার আইসের ডিটেনশন সেন্টারে আটক রাখা হয়েছে বলে জানায় সংবাদ সংস্থা এপি।

ওজতুর্ককে আটকের ঘটনায়, ম্যাসাচুসেটস অ্যাটর্নি জেনারেল আন্দ্রেয়া জয় ক্যাম্পবেল বলেন, ‘এমন অতর্কিত ও রাজনৈতিক দৃষ্টিভঙ্গির কারণে আটক উদ্বেগজনক। এটি জননিরাপত্তা নয়, এটি ভীতি প্রদর্শন।’

মার্চ মাসে দ্য ডেইলী টাফ্টসে ওজতুর্ক এর লেখা একটি উপ প্রবন্ধ প্রকাশ হয়েছিলো। তার সেই লেখায় ‘ফিলিস্তিনি গণহত্যা স্বীকার করতে হবে’ এমন দাবি করা হয়।

ডিএইচএসের এক জ্যেষ্ঠ মুখপাত্র বার্তা সংস্থা এপিকে জানিয়েছেন হামাসের সাথে ওজতুর্কের সম্পৃক্ততা রয়েছে। এজন্য তাকে আটক এবং ভিসা বাতিল করা হয়েছে। এদিকে আলাবামা বিশ্ববিদ্যালয়ের ডক্টরেট শিক্ষার্থকে আলী রেজা দোরৌদিকে আটক করা হয়েছে। এক বিবৃতিতে এমনটি জানিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। তাকে ক্যাম্পসের বাহির থেকে আটক করে আইস। তবে তার আটক ও এর কারণ এখনো আইস বিস্তারিত জানায়নি।

মিনেসোটা ইউনিভার্সিটি কর্তৃপক্ষ বিবৃতিতে জানায়, শুক্রবার মিনেসোটা ইউনিভার্সিটির এক ছাত্রকে ইমিগ্রেশন এন্ড কাস্টমস এনফোর্সমেন্ট এজেন্টরা গ্রেপ্তার করেছে। ঐ ছাত্রকে ক্যাম্পাসের বাহির এলাকা থেকে গ্রেপ্তার করা হয়। তবে তার নাম-পরিচয় প্রকাশ করেনি ইউনিভার্সিটি কর্তৃপক্ষ। ঐ শিক্ষার্থীকে ডিটেনশনে কোথায় রাখা হয়েছে ও কি অভিযোগে গ্রেপ্তার করা হয়েছে সে বিষয়টি নিশ্চিত করেনি আইস।

যুক্তরাষ্ট্রে ধরপাকড়ে অবৈধ অভিবাসীরা

শেষ পৃষ্ঠায় পর আটক করেছিলো। হোমল্যান্ড সিকিউরিটি সূত্রগুলি বলেছে অনেক উত্তরদিকের লোক এখন যুক্তরাষ্ট্র থেকে ভয় পেয়ে স্ব-নির্বাসনচ করছে। রয়্যাল কানাডিয়ান মাউন্টেড পুলিশজা জানুয়ারিতে ওয়াশিংটন থেকে ব্রিটিশ কলম্বিয়ায় ৪০ জন অবৈধ প্রবেশের কথা জানিয়েছে।একই মাসে, ইউএস বর্ডার প্যাট্রোল এজেন্টরা ৩০ জন অভিবাসীকে দক্ষিণ পার হতে দেখেছিল। দ্য এনওয়াই পোস্টের সূত্র জানায়, মেক্সিকো থেকে মার্কিন যুক্তরাষ্ট্রে প্রবেশের পর আবার কানাডায় পালিয়ে যাওয়া অনেক অভিবাসীরই ইমিগ্রেশন কোর্টে বিচারাধীন মামলাগুলি শেষ হবে না বলে আশঙ্কা করা হচ্ছে। নিউইয়র্ক টাইমস এর প্রতিবেদনের অনুসারে, কানাডার আলবার্তায়, ফেব্রুয়ারির তীব্র শীতে মাঝামাঝি সময়ে যুক্তরাষ্ট্র থেকে কানাডা প্রবেশের সময় শিশুসহ ৯ অভিবাসীর একটি দলকে সে দেশের সীমান্ত পুলিশ বাধা দেয়। টাইমস জানিয়েছে, কানাডার সীমান্ত কর্তৃপক্ষ আলবার্তায় এ বছর এপর্যন্ত প্রায় ২০ জন অবৈধ অভিবাসীকে ধরেছে। আগের বছর, একই পথে মাত্র সাতজন অভিবাসীকে আটক করা হয়েছিল। কানাডা দুটি ব্লুয়াক হক হেলিকপ্টার এবং ড্রোন কেনার জন্য তাদের সীমান্তের সুরক্ষাজোরদার করতে ৯০০ মিলিয়ন ডলার বরাদ্দের প্রতিশ্রুতি দিয়েছে।





ঈদের জামাত










নিউইয়র্কের জ্যামাইকা মুসলিম সেন্টারের উদ্যোগে স্থানীয় টমাস এডিসন হাইস্কুল মাঠে ঈদের জামাত অনুষ্ঠিত হয়।






নিউইয়র্কের ব্রঙ্কসে বাংলাবাজার জামে মসজিদের উদ্যোগে খোলা মাঠে ঈদ জামাত অনুষ্ঠিত হয়।

ঈদের জামাত








নিউইয়র্কের নর্থ ব্রঙ্কস জামে মসজিদের উদ্যোগে খোলা মাঠে ঈদ জামাত অনুষ্ঠিত হয়।









নিউইয়র্কের মুনা সেন্টার অব আমেরিকার উদ্যোগে ওজনপার্কের ৮০-৫০ পিটকিন এভিনিউস্থ নিজস্ব ভবনে ঈদের জামাত অনুষ্ঠিত হয়।

সাহিত্য
সাময়িকী

ঘড়ি
মেহেদী ইকবাল

ভারসাম্য হারিয়ে ফেলেছে কেউ
পর্যাপ্ত ধূলি আর ধোঁয়া
একটা শালিক দেখি আনমনে খুঁটে খাচ্ছে দানা।
হাওয়ায় নড়ে উঠলো কিছু
সম্ভাবনা হারানো দাঁতের
ঝিঁঝিদের অসামান্য স্কেল
ছাদের কার্ণিশে হাত পা ছড়িয়ে একটা বেড়াল।

শুকনো আর মচমচে ঘড়ি
হঠাৎ জ্বললে আগুন
জানি দেখা যাবে ঠিক

দূর থেকে বহু!

বৈশাখী ঝড়ের কাছে
মুস্তফা হাবীব

পড়শিরা আয়েসি চোখ ফিরিয়ে রাখতো অন্যদিকে,
স্বজনেরা দেয়নি পথের কাঁটা উপড়ে ফেলার সাহস
কেউ আসেনি পৌষ- মাঘের রাতে চাদরের ভূমিকায়।

ছনের চালা ফুটো ছিলো বলেই বৃষ্টিতে ভিজেছি
ঘরে খাবার ছিলো না, পরের জমিতে ঝরিয়েছি ঘাম
নিদারুণ কষ্টের দিনে একটি প্রজাপতি আসেনি কাছে।

এখন পরিরা গোলাপের সৌরভ দেখতে ছুটে আসে
নীলসাদা বাড়ির দরোজায় উঁকি দেয় শরতের শিশির
অচেনা অতিথিরা এসে চাঁদের আলোয় স্নান করে।

এখন আর থাপ্পড় খেতে হয়না গ্রীষ্ম বর্ষা শীতের
প্রতিবাদী হয়ে দাঁড়াতে শেখায় নজরুল-সুকান্তের সৃষ্টি,
আজ কালবোশেখি ঝড়ের কাছে মানি না পরাজয়।

অন্য জগতের কণ্ঠস্বর
জেমস মেরিল
অনুবাদ- শাদমান সালেহ

আমাদের স্পর্শে তখন চায়ের কাপটি নড়ে উঠল,
আস্তে আস্তে ঘুরতে লাগল
অ থেকে ত পর্যন্ত। প্রথম যে কণ্ঠ শোনা গেল
(যদি তা কণ্ঠ হয়, এই মূক বানানকারীরা)
সে ছিল এক প্রকৌশলীর,

যার আদি নিবাস কোলোন।
কায়রোতে কলেরায় মারা যায় তার ২২তম বছরে,
সুখ সে জানেইনি। তবে গ্যোটের সাথে দেখা হয়েছিল তার।
গ্যোটে তাকে বলেছিলেন: অধ্যবসায়ী হও।

আমাদের অন্ধ কুকুরটি কেঁদে উঠল। তারপরই
ওইজা বোর্ডের উপর জড়ো হতে লাগল অসংখ্য কণ্ঠ,
কিছু শিশুর মতো, আর, বলতে পারো,
ঘুমে ঝাপসা; এক ছোট্ট ছেলে
যার নাম উইল, সম্ভবত অনিচ্ছুক, এল গ্রেকোর আঁকা
একটি বড় চোখের পাতাওয়ালা পেজের মতো,

পর্দা টেনে সরাল পরের কণ্ঠের জন্য,
যা ছিল শীতল ও ভবিষ্যদ্বাণীমূলক: সব শেষ।
এই বাড়ি থেকে পালাও। অটো ফন থুর্ন উন্ড ট্যাক্সিস।
মান্য করো। তোমার কোনো বিকল্প নেই।

ভীত হয়ে আমরা থামলাম; কিন্তু রাতভর
পালকের উপর সূর্যের সোনালি রেখা ফুটে উঠা পর্যন্ত
আমাদের ঘুম আসেনি। তারপর থেকে প্রতি রাতে
চাঁদ বড় হয়, ছোট পোকাগুলো ঠান্ডা মশালের চারপাশে ঘোরে,
যেটি আমরা জ্বালাই, আর তারা ছড়িয়ে পড়ে বারান্দায়...

কিন্তু কোনো সত্যিকারের চিহ্ন নেই। নতুন কণ্ঠস্বর আসে,
ঠিকানা বলে দেয়, চিঠি লিখতে অনুরোধ করে;
কেউ কেউ সতর্ক করে নষ্ট জীবনের কথা, আর সবাই
বিপদের কথা বলে এমনভাবে
যাতে আমরা উল্লসিত হয়ে উঠি,
আর সম্প্রতি ভালো ঘুমোচ্ছি।

গত রাতে চায়ের কাপ রাগে টুকরো টুকরো হয়ে গেল।
আসলে, আমরা উদাসীন হয়ে গেছি
অন্য জগতের প্রতি। এখানে অন্ধকারে,
আমাদের কনুই রাখা পরিষ্কার টেবিলে,
আমরা কথা বলি আর ধূমপান করি, খুশি হই
যখন জুঁই ফুলের গুঞ্জনে নড়ে উঠি,

আমাদের নিজেদের কণ্ঠস্বরের গুঞ্জনে,
আর আমাদের অন্ধ কুকুর রোভারের হাঁপানিতে,
ওই মাথার উপর চেঁচামেচি করা কণ্ঠস্বরের চেয়ে,
যারা আবেশগ্রস্ত বা করুণ, দাবি করে প্রতিশ্রুতি,
যা আমরা এখনও পিছিয়ে দেবার বুদ্ধি রাখি

কারণ, একবার তাকালেই
মৃতদের ঠান্ডা প্রতিফলনে আলোকিত,
যারা উঠে এসেছে বিলুপ্ত কিন্তু অপ্রতিরোধ্য হয়ে,
আমাদের জীবন কখনও এত পূর্ণ, এত বাস্তব মনে হয়নি,
আর পূর্ণিমার চাঁদও কখনও এত শীতল মনে হয়নি।

গাঢ় কমলা রং মুখ চাঁদ
জহুরুল ইসলাম

গাঢ় কমলা রং মুখ চাঁদ,
প্রতিদিন নয়– মাঝে মধ্যে এসে হারিয়ে যায়।
তবু লেগে থাকে চোখে– হৃদয়ে গভীরে–
নিরূপমা কমলা চাঁদ,
জানালার কাছে আসে হাসে।

মধ্য রাতের নীল বনে তাকালেই মনে ওঠে– গত কথা–
প্রশান্তির নহর বয়ে চলে–
সবই ভাসমান- ভেসে যায়–

ঊনুনের উত্তাপে পোড়া কমলা রং নিরূপমা চাঁদ।
ফাল্গুনি রাতে ফোটা ফুল- বিন্দু বিন্দু জলে–

উঠোনের আকাশে নিরুদ্দেশ ঝলমলে রাত,
ঝিমুনির ভেতর একটা গাঢ় কমলা রঙের বল উত্তাপ ছড়ায়–
সুখ আসে-ভ্যাদে ধরা মানুষের মতো।

অপমৃত্যুর ছায়া
আমিনুল ইসলাম

রাত গিলে খাচ্ছে দিনের কোলাহল,
মানুষ খাচ্ছে মানুষের রক্ত!

সমস্ত সুন্দরের ভিরে অনিরাপদ নারীর দেহ,
অনিরাপদ তার লাবণ্য ও সৌন্দর্য, ক্রমশই
পৃথিবী হাঁটছে তার আপন নীড়ে। যে গ্রহের
ভেতর দুগ্ধপ্রাণ শিশু অপেক্ষা কাম যৌনতার
তরঙ্গ অধিক সে গ্রহের নাম পৃথিবী।

সেখানে পাহাড় আছে, পর্বত আছে, আছে মহাসমুদ্র,
সাগরে ঢেউ আছে, প্রতিটি রাষ্ট্রের একেকটা নাম আছে,
সেখানে কবি আছে, সেখানে কবিতার কথা আছে,
সেখানে আছিয়ারা জন্মায়, শুধু জন্ম হয় না মানুষ!

সেখানে কোথাও লেখা নেই ধর্ষণের শাস্তি মৃত্যুদন্ড।
শুধু খবরের কাগজে ছাপা থাকে এটি একটি অপমৃত্যু।

এক টুকরো অগ্নিরাশীতে
ফজিলা ফয়েজ

পৃথিবীর ভয়ংকর রূপ তোমার চোখেই দেখছি
বাকরুদ্ধ হয়েছি, চক্ষুতারা বিবর্ণ হয়েছে।
গগনে মেঘের আমেজ নেই অকস্মাৎ হৃদয়কম্পন,
বজ্র ধ্বনি, বালুকণাতে আলোর ঝিলিক সঞ্চার হল
আকাশ ফাটিয়া ছাই চাপা আগুনের মত।
মনের আনন্দে পা বাড়িয়ে হাঁটতে থাকি প্রান্তরেণু জগতের বুকে।
আধা নিভু জীবন প্রদীপ টলমল করে ভাগ্যের রেখাচিত্তে।
সুখের বুক ফুঁড়ে চিরন্তন কান্নার ফোয়ারা এক টুকরো অগ্নিরাশীতে
ফিরে পাই নব যুবা জীবন।



অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো

Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com

FSR Multiservices Inc

মাল্টিসার্ভিস অফিস



বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূণঃ মুদ্রণ/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।
- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- ওয়ার্ক পারমিট রিনিউর আবেদন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- রেন্টাল এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ী/ফ্ল্যাটের বাৎসরিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

Tel (917)-776-1235 646-461-0919

বিশ্বস্ত সেবার অন্যতম বাংলাদেশী প্রতিষ্ঠান

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fsr2024@yahoo.com

GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন



Naresh Gehi, Esq.

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

TODAY'S DENTAL

86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।



দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য



আপনাদের সেবায়

ডা: কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)

আমরা বাংলায় কথা বলি

REQUEST A FREE CONSULTATION
718-760-5500

HOW TO REACH US
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (স্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজ্যুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মান্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকা যে কোন ধরণ ব্যবসা নূতন বিনিয়োগ মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হয়ে পড়েন।

আমেরিকায় ১ মিলিয়ন বা সমমানের ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বিশ্বব্যাপী এদেশে আপনার বিনিয়োগের অর্থ আদায়ের আমাদের সাহায্য পরামর্শ করতে পারেন।

দেশে কোন রোগাক্রান্ত মরিজ/পরিজনের জন্য আপনি ও আপনার পরিবার থেকে সুবিধা নিতে পারেন এবং দ্রুততার সাথে গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিপ্রোসাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.

Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klplle@gmail.com, Web: www.k-lplle.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন সফল এটর্নী



SHEIKH SALIM
Attorney at Law

Accident Cases, Medical Malpractice & Legal Malpractice

এটর্নী আপনার বাসায় যাবেন, ইভিনিং এবং উইকএন্ডে এপয়েন্টমেন্টের সুযোগ

- কন্ট্রাকশন দুর্ঘটনা
- স্লাফোল্ড বা মই থেকে পড়ে দুর্ঘটনা
- লেড বিষ সম্বন্ধীয়
- বার্থ রিলেটেড ইনজুরি
- ভুল চিকিৎসা
- মটর গাড়ি দুর্ঘটনা
- কাজের সময় দুর্ঘটনা
- পিছলে পড়া, হোঁচট খাওয়া
- ত্রুটিপূর্ণ পণ্য জন্য
- অ্যাসবেস্টস থেকে ক্ষতি
- বিল্ডিং প্রোডাক্ট বা প্রোপার্টির না পাওয়া
- যে কোন ধরনের ইমিগ্রেশন কেস

এছাড়াও ১০০% নিশ্চয়তা সহকারে এসাইলাম কেস পরিচালনা করি

Sheikh Geroulakis & Ladyzhensky, PLLC

Attorneys at Law
225 Broadway, Suite 630, Manhattan, NY 10007
Phone: 212-564-1619 / 347-873-5428

SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস



